unicef
per ogni bambino

Finanziato dall'Unione Europea



# শিক্ষাগত ও পেশাগত পরিচিতিমূলক সারগ্রন্

ইতালিতে সঙ্গীহীন প্রবাসী অপ্রাপ্তবয়স্ক, তরুণ অভিবাসী ও শরণার্থীদের জন্য

শ্রম ও সামাজিক নীতিমালা বিষয়ক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায়

MINISTERO del LAVORO
e delle POLITICHE SOCIALI

Finanziato dall'Unione Europea

ইতালিতে অবস্থিত ইউনিসেফ ইউরোপ ও সেন্ট্রাল এশিয়ার আঞ্চলিক কার্যালয় (সারা মার্তেল্লি সোফিয়া বেনাস্সালিয়া, এলেনা লোকাতেল্লি, লুডোভিকা বার্বাতো) দ্বারা সম্পাদিত

© জাতিসংঘ শিশু তহবিল (ইউনিসেফ), ২০২৪

# সূচী


ভূমিকা 2

একাকী প্রবাসী অপ্রাপ্তবয়স্ক ব্যক্তিদের সম্পর্কে 5

1. প্রশিক্ষণের পথ বলতে কী বোঝায়? 7

2. ইতালিতে শিক্ষাগত ও প্রশিক্ষণ সংক্রান্ত পথ বা উপায় 10

  2.1. যদি আপনার বয়স ১৪ বছরের কম হয় 12

  2.2. আপনার বয়স যদি ১৪ বছরের বেশি হয় 13

  2.3. "Licenza Media মিডি" পাওয়ার পর 14

3. প্রশিক্ষণের ধরনসমূহ 16

4. প্রশিক্ষণ ও কাজ খুঁজে বের করার বিষয়ে পরামর্শ 30

5. ন্যূনতম শর্তাবলি এবং প্রয়োজনীয় নথি 32

6. পেশাগত উদ্দেশ্য 35

7. দক্ষতার মূল্যায়ন 37

8. কোনও চাকরির প্রস্তাবের উত্তর দেওয়া 42

9. শ্রমিকদের অধিকার 46

10. চুক্তি ছাড়া কাজ করার ঝুঁকি 49

11. সমান সুযোগ এবং বৈষম্যহীনতার নীতি 50

12. আরও তথ্যের জন্য ওয়েবসাইট 53

পরিশিষ্ট ১ - "ইউরোপাস" জীবনবৃত্তান্ত 55

পরিশিষ্ট ২ – এখন আপনার পালা! 61

# ভূমিকা

## চাকরির বাজার প্রতিনিয়ত ক্রমবর্ধমান হারে পরিবর্তিত হচ্ছে

স্কুল থেকে কর্মজগতে পা রাখতে শিক্ষাগত ও পেশাগত নির্দেশনা পাওয়া খুবই গুরুত্বপূর্ণ, কারণ এটি তরুণদেরকে তাদের পেশাগত লক্ষ্য নির্ধারণ করতে সাহায্য করে এবং চাকরিতে প্রবেশের প্রক্রিয়াকে সহজতর করে। যেসকল কারণে অপ্রাপ্তবয়স্ক বিদেশি শিশুদের জন্য শিক্ষামূলক এবং ক্যারিয়ার বিষয়ক নির্দেশনার পাশাপাশি পড়াশোনার সনদ গুরুত্বপূর্ণ:

- বাধ্যতামূলক শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে ভবিষ্যতে কী কী হতে চলেছে তার একটি অনুমান করতে পারা;
- **ইতালির শ্রমবাজার** সম্পর্কিত নতুন চ্যালেঞ্জ ও সুযোগ বোঝা;
- তাদের **পূর্ববর্তী দক্ষতা ও যোগ্যতার স্বীকৃতি দেওয়া**;
- তাদের **দক্ষতা, আগ্রহ ও ক্যারিয়ার সম্পর্কিত আশা-আকাঙ্খা বুঝতে পারা**;
- কাজ খুঁজে পাওয়ার জন্য কী কী **প্রশাসনিক পদ্ধতি** ও **নথির** প্রয়োজন হয় সে ব্যাপারে জানা;
- **চাকরিতে নিয়োগের ব্যাপারে সচেতন** সিদ্ধান্ত নেওয়া।

**চাকরিপ্রার্থীদের অবশ্যই কর্মজগতে সহায়ক ও কাঙ্খিত নিত্যনতুন দক্ষতা সম্পর্কে সচেতন হতে হবে।**

প্রতিটি সেক্টরের জন্য নির্দিষ্ট **প্রযুক্তিগত দক্ষতা সমূহ** ছাড়াও, আরও বেশি সংখ্যক কাজের জন্য আরও **"ট্রান্সভারসাল" দক্ষতা** প্রয়োজন - যেমন দলবদ্ধ কাজ, সমালোচনামূলক চিন্তাভাবনা, সমস্যার সমাধান, যোগাযোগ এবং আলাপ-আলোচনার দক্ষতা সমূহ। **ডিজিটাল দক্ষতা** প্রতিনিয়ত অত্যাবশ্যক হয়ে উঠছে এবং এর পাশাপাশি কৃত্রিম বুদ্ধিমত্তার কারণে উদ্ভূত নিত্যনতুন চ্যালেঞ্জ ও সম্ভাবনার ব্যাপারেও ভাবা দরকার।

**কর্মের জগতে সর্বশেষ পরিবর্তন এবং নতুন পেশা ও উদীয়মান সেক্টরের সাথে তাল মিলিয়ে চলা গুরুত্বপূর্ণ।**
উদাহরণস্বরূপ, জলবায়ু পরিবর্তন ক্রমবর্ধমানভাবে এই প্রয়োজনটিকে সামনে এনেছে যে তথাকথিত "**সবুজ দক্ষতা**"য় আরও বিনিয়োগ করা জরুরি – এটি হলো একটি পরিবেশগতভাবে টেকসই সমাজে বসবাস, উন্নয়নসাধন এবং সমর্থন করার জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা, মূল্যবোধ এবং মনোভাবের সেট। আন্তর্জাতিক শ্রম সংস্থার (আইএলও) তথ্য অনুযায়ী, আগামী ২০৩০ সালের মধ্যে এই **পরিবেশবান্ধব পরিবর্তন** বিশ্বজুড়ে ৮.৪ মিলিয়ন নতুন চাকরি (**পরিবেশবান্ধব চাকরি**) তৈরি করবে। (যেমন, ফটোভোল্টাইক প্যানেল ইনস্টলার, বর্জ্য ব্যবস্থাপনা ও রিসাইক্লিং সংক্রান্ত বিশেষজ্ঞ, এমন শেফ যারা রান্নার আগে ও পরে বর্জ্যের পরিমাণ শূন্যে রাখতে পারেন, যোগাযোগ ও পরিবেশবান্ধব বিপণন কর্মকর্তা ইত্যাদি)।

**অতীতে নিজের দেশে অর্জিত দক্ষতাসমূহ এবং প্রাপ্ত যোগ্যতার মূল্য বর্তমানে দেওয়া গুরুত্বপূর্ণ।**
ইতালিতে পৌঁছানোর আগেই পূর্বের যোগ্যতা কাজে লাগানো এবং অর্জিত দক্ষতার আরও উন্নত করার উপায় জানা খুবই জরুরি, কারণ এর ফলে **মূল্যবান সময় অপচয় রোধ** করা যাবে **এবং আরও দ্রুত উচ্চতর শিক্ষার কোর্স বা চাকরিতে ঢোকা যাবে।**

## শিক্ষাগত ও পেশাগত পরিচিতিমূলক সারগ্রন্ কী?

এটি একটি নির্দেশিকা যা শিক্ষা এবং চাকরিপ্রাপ্তির সুযোগ সহজতর করতে প্রশিক্ষণ গ্রহণের উপায়গুলো সম্পর্কে জানায়। এর লক্ষ্য হলো ইতালিতে একাকী আগত অপ্রাপ্তবয়স্ক ও তরুণ অভিবাসী এবং শরণার্থীদের শ্রমবাজারে যোগদানের বিষয়ে নির্দেশনা প্রদান করা

## এটা কাদের উদ্দেশ্যে তৈরী করা?

- ইতালিতে সঙ্গীহীন প্রবাসী অপ্রাপ্তবয়স্ক এবং তরুণ অভিবাসী ও শরণার্থীদের জন্য;
- স্বেচ্ছাসেবক অভিভাবক, অভিবাসী কেন্দ্রের অপারেটর, শিক্ষক-শিক্ষিকা এবং সকল সংশ্লিষ্ট প্রাপ্তবয়স্ক ব্যক্তিত্ব।

## এর লক্ষ্যসমূহ কী কী?

- চলমান শিক্ষা এবং/অথবা চাকরিতে সুযোগ পাওয়ার লক্ষ্যে **শিক্ষা ও প্রশিক্ষণের উপায়** সম্পর্কে সহায়ক তথ্য প্রদান করা;
- কীভাবে কোনও ব্যক্তির দক্ষতার মূল্যায়ন এবং **পেশাদারি লক্ষ্য** নির্ধারণ করতে হয় সে ব্যাপারে নির্দেশনা দেওয়া;
- ইতালিতে নিয়মিত চাকরি খোঁজা এবং চাকরি পাওয়ার জন্যে প্রয়োজনীয় **ন্যূনতম শর্তাবলি এবং কী নথিপত্র** দরকার তার রূপরেখা তৈরি করা;
- **জীবনবৃত্তান্ত তৈরি করা ও চাকরিতে আবেদন করার** বিষয়ে সহায়ক পরামর্শ প্রদান করা।
- **শ্রমিকের অধিকার ও চুক্তি ছাড়া কাজ করার ক্ষেত্রে যেসব ঝুঁকি থাকে** সে ব্যাপারে সচেতনতা বাড়ানো।

## অনুগ্রহ করে মনে রাখবেন

ভ্যান্ডেমেকাম-এ স্কুল-সংক্রান্ত কিছু আনুষ্ঠানিক অভিব্যক্তি সংক্ষিপ্ত শব্দাবলী ব্যবহার করে সরলীকৃত হয়েছে। এর কারণ হতে পারে হয় সেগুলো তরুণদের মধ্যে বেশি প্রচলিত এবং বোধগম্য, অথবা আরও সংক্ষিপ্ত অংশগুলোতে স্থানের সংকুলান নিচে কিছু উদাহরণ দেখানো হলো:

- লোয়ার সেকেন্ডারি স্কুল: “মিডল স্কুল”
- হায়ার সেকেন্ডারি স্কুল: “হাই স্কুল”
- শিক্ষার প্রথম চক্রে ডিপ্লোমা কোর্স সম্পন্ন করা: “মিডল স্কুল সার্টিফিকেট”
- শিক্ষার দ্বিতীয় চক্রে ডিপ্লোমা কোর্স সম্পন্ন করা: “হাই স্কুল ডিপ্লোমা”

# একাকী প্রবাসী অপ্রাপ্তবয়স্ক ব্যক্তিদের সম্পর্কে



## পেশাগত পরিচিতিমূলক সারগ্রন্থটি আমার কেন প্রয়োজন?

আপনি যদি একজন অপ্রাপ্তবয়স্ক সঙ্গীহীন প্রবাসী বা একজন তরুণ অভিবাসী বা শরণার্থী হন এবং আপনি একটি অভ্যর্থনা কেন্দ্রে আসেন, তাহলে এই নির্দেশিকা আপনাকে কীভাবে **চাকরি খুঁজতে হয়** এবং **চাকরির নিয়োগের জন্য প্রশিক্ষণের কোর্সগুলি** গ্রহণ করতে হয় তা বুঝতে সাহায্য করবে।




## কেন আমি এখনই কাজ করতে পারবো না?

ইতালিতে একজন অপ্রাপ্তবয়স্ক হিসাবে আপনি কাজ করতে পারবেন কেবল যদি:

- আপনার বয়স ১৬ বছর* হয়
- আপনি বাধ্যতামূলক শিক্ষাতে যোগ দিয়েছেন অথবা অন্তত দুই বছরের জন্য শিক্ষাণবীশ হিসাবে কাজ করেছেন


সুতরাং আপনার বয়স ১৪ বছরের কম হলে আপনাকে পাবলিক স্কুলে নিজের নাম নথিভুক্ত করতে হবে, “মিডল স্কুল সার্টিফিকেট” অর্জন করতে হবে এবং তারপরে আপনার বয়স যতদিন না অন্তত ১৬ বছর হচ্ছে, তার আগে “হাই স্কুলে” প্রথম দুই বছরের জন্য নিজের নাম নথিভুক্ত করতে হবে। অন্যদিকে, আপনার বয়স ১৬ ও ১৭ বছরের মধ্যে হলে এবং আপনার কাছে “মিডল স্কুল সার্টিফিকেট” না থাকলে তাহলেও আপনি কাজ করতে পারবেন না। কিন্তু সেক্ষেত্রে আপনি “মিডল স্কুল” বা কোনও ক্যাচ-আপ স্কুলে (সিপিআইএ) নিজের নাম নথিভুক্ত করতে পারবেন।

* ইতালিতে, **শিক্ষানবিশ** চুক্তির মাধ্যমে প্রশিক্ষণ কোর্স সক্রিয় করার ক্ষেত্রে 15 **বছর বয়স** থেকেও নিযুক্ত হওয়া সম্ভব (Legislative Decree 81/2015 art. 43)।



## চাকরি খোঁজার জন্য প্রশিক্ষণ কোর্স গুরুত্বপূর্ণ কেন?

প্রশিক্ষণ কোর্সগুলি আপনাকে **কাজ করার সময় শিখতে** এবং দক্ষতাসমূহ বিকাশ করতে সুযোগ দেয় - **কারিগরি দক্ষতা এবং মানবিক দক্ষতা** - যা বর্তমানের ব্যবসা সর্বস্ব বিশ্বের জন্য প্রয়োজন। এছাড়াও, তারা আপনাকে একটি নথি (সাধারণত এটিকে Attestato বলা হয়) প্রাপ্তিতে সাহায্য করে, যা আপনার কাজের অভিজ্ঞতা গুলো এবং আপনার অর্জিত দক্ষতা সমূহ সত্যায়িত করে। এটি আপনার জন্য **কাজ খোঁজা এবং পাওয়াকে সহজ করে তুলবে!**



## আমি আমার জন্য কীভাবে সবচেয়ে উপযুক্ত কোর্ খুঁজে পেতে পারি?

সেখানে **বিভিন্ন ধরণের প্রশিক্ষণের কোর্** এবং পেশাগত নির্দেশিকার কোর্স রয়েছে। **আপনার অবহিত পছন্দ** নির্ণয় করার জন্য প্রয়োজনীয় সমস্ত তথ্য সংগ্রহে সময় নেওয়া গুরুত্বপূর্ণ।


**...আপনি এই সারগ্রন্ দিয়ে কাজ শুরু করতে পারেন!**

আপনার জন্য উপযুক্ত পথ, আপনার প্রয়োজনীয় নথি এবং সরাসরি সহায়তার জন্য কার সাথে যোগাযোগ করতে হবে তার বিশদ বিবরণ পাবেন।

## আনন্দের সাথে পড়ুন!

# 1. প্রশিক্ষণের পথ বলতে কী বোঝায়?

প্রশিক্ষণের পথকে আমরা সেই রাস্তার সাথে তুলনা করতে পারি যেটি সূচনার বিন্দু থেকে শুরু হয়ে সমাপ্তি বিন্দু পর্যন্ত চলতে থাকে।



**শুরুর স্থান** হল:
- আপনি যে সবকিছু জানেন, আপনি এখন পর্যন্ত যে যোগ্যতা এবং দক্ষতা সমূহ অর্জন করেছেন;
- আপনার এখন পর্যন্ত যে অভিজ্ঞতা সমূহ আছে;
- আপনার ব্যক্তিগত বৈশিষ্ট্যসমূহ;
- আপনার আকাঙ্খা সমূহ।



**এগিয়ে যাওয়ার পথ** সংজ্ঞায়িত হয়:
- আপনি যে সমস্ত কার্যক্রমসমূহ পরিচালনা করবেন;
- আপনি যা কিছু শিখবেন;
- আপনার লক্ষ্য অর্জনের জন্য যা কিছু দরকারি।



**সমাপ্তি স্থানটি** সংজ্ঞায়িত করা হয়:
- অর্জিত নতুন জ্ঞান, দক্ষতা এবং অভিজ্ঞতা সমূহ দিয়ে;
- আপনার নিজের প্রস্তুতি সম্পর্কে সচেতনতা;
- একটি চাকরির সন্ধান এবং এর ফলে চাকরির জগতে প্রবেশ।




এই পর্যায়ে আপনাকে আপনার ব্যক্তিগত বৈশিষ্ট্যগুলি ও দক্ষতাকে মূল্যায়ন ও নিরূপণ করতে হবে।
আপনি কী ধরনের চাকরি করতে চান, কী করতে চান বা কীভাবে ইতিমধ্যে করতে জানেন তা সম্পর্কে আপনাকে সতর্কতার সহিত চিন্তা করতে হবে।

এই পথগুলি দরকার কারণ এগুলি আপনাকে পেশাগত নির্দেশিকা এবং প্রশিক্ষণ প্রদান করবে, সেই সাথে আপনাকে একটি পেশা সম্পর্কে শিক্ষা দেবে।
আপনি যে পথ বা কাজটি বেছে নিয়েছেন তা আপনার জন্য সঠিক কিনা তা বুঝতে এই প্রশিক্ষণের সময়টি ব্যবহার করুন।

এই পর্যায়ে আপনি প্রকৃত চাকরি খোঁজা শুরু করবেন। আপনি কে তা অন্যদের জানাতে সাহায্য করার জন্য আপনি কারিকুলাম ভিটা নামে একটি টুল ব্যবহার করবেন। সঠিক চাকরির অফারগুলি কীভাবে বাছাই করবেন তা আপনাকে জানতে হবে।

## অনুগ্রহ করে মনে রাখবেন



আপনি যে পথটি নিতে চান তা বেছে নেওয়ার জন্য নিজেকে প্রতিশ্রুতিবদ্ধ করুন।
আপনার প্রয়োজনীয় সবটুকু সময় নিন!
আপনি যদি ইতিমধ্যে একটি প্রশিক্ষণের পথ বেছে নিয়ে থাকেন এবং মনে করেন যে আপনি ভুল পছন্দ করেছেন, তাহলে চিন্তা করবেন না... আপনার অভিভাবক, শিক্ষক বা অভ্যর্থনা কেন্দ্রের সমন্বয়কারীর সাথে কথা বলুন, এবং আপনার পছন্দগুলি পুনরায় মূল্যায়ন করার অনুমতি দিতে বলুন।

# 2. ইতালিতে শিক্ষাগত ও প্রশিক্ষণ সংক্রান্ত পথ বা উপায়

শিক্ষা হলো ১৮ বছর বয়স পর্যন্ত প্রত্যেক ব্যক্তির মৌলিক অধিকার ও কর্তব্য।

- ➔ এটিকে অধিকার বলে মনে করা হয়, কারণ **ব্যক্তিগত বিকাশ**, চাকরিপ্রাপ্তি ও **সমাজে অন্তর্ভুক্তির** ক্ষেত্রে এটি গুরুত্বপূর্ণ
- ➔ এটিকে কর্তব্য বলে মনে করা হয়, কারণ **শ্রমবাজারে প্রবেশ করতে হলে প্রত্যেক ব্যক্তিকে বাধ্যতামূলক শিক্ষা ও প্রশিক্ষণ সম্পূর্ণ করতে হয়**

**শিক্ষার অধিকার**

- মানবাধিকারের সর্বজনীন ঘোষণা (আর্ট. 26)
- জাতিসংঘের শিশু অধিকার সনদ (আর্ট. 28)
- ইতালী সংবিধান (আর্ট. 34)
- সঙ্গীহীন বিদেশী অপ্রাপ্তবয়স্কদের সুরক্ষা সংক্রান্ত “জাম্পা আইন” (আর্ট. 14)

৬ বছর ও ১৬ বছর বয়সের অন্তর্গত সব অপ্রাপ্তবয়স্কদের নাম স্কুল শিক্ষায় **বাধ্যতামূলকভাবে** নথিভুক্ত করতে হবে, এর জন্ কোনও চার্জ দিতে হয় না এবং এমনকি **কোনও ডকুমেন্ট ছাড়াই** এটি বছরের যেকোনও সময় করা যায়!

স্কুল রেজিস্ট্রেশনের ক্ষেত্রে আপনার জন্য কিছু গুরুত্বপূর্ণ তথ্য নিচে দেখানো হলো:

1. আপনি Scuola in Chiaro ওয়েবসাইট থেকে আপনার সবচেয়ে কাছাকাছি থাকা স্কুল খুঁজে পাবেন: https://cercalatuascuola.istruzione.it/cercalatuascuola/

2. স্কুলে নাম নথিভুক্ত করার জন্ **কোনও চার্জ দিতে হয় না**

3. আপনি **অনলাইনে** বা সরাসরি **স্কুলে গিয়ে** নাম নিবন্ধন করতে পারবেন

4. আপনি **বছরের যেকোনও সময় নাম** নথিভুক্ত করতে পারবেন

5. আপনার **ডকুমেন্ট অসম্পূর্ণ হলে বা না থাকলেও** আপনি নাম নথিভুক্ত করতে পারবেন

6. আপনার বয়স অনুসারে নির্দিষ্ট ক্লাসে আপনার নাম নথিভুক্ত করা হবে অথবা আপনার দক্ষতার ভিত্তিতে সেই নির্দিষ্ট ক্লাসের ঠিক উপরের বা নিচের ক্লাসে নাম নথিভুক্ত করা হবে

7. **আপনার কাছে এসব ডকুমেন্ট থাকলে** অনুগ্রহ করে সেগুলি রেজিস্ট্রেশনের জন্য আপনার সাথে নিয়ে আসুন (না থাকলেও কোনও সমস্যা হবে না):
পরিচয়পত্র; বসবাসের অনুমতিপত্র বা অনুমতির আবেদনপত্র জমা দেওয়ার রসিদ; দেশের বাইরে করা অধ্যয়নের সার্টিফিকেট

8. **দেশের বাইরে করা অধ্যয়ন** এই দুই উপায় মেনে করা হলে তাকে **স্বীকৃতি দেওয়া হয়**:
"মূল্যমান ঘোষণা" অথবা স্কুলের দ্বারা দক্ষতার মূল্যায়ন করার মাধ্যমে

## 2.1. যদি আপনার বয়স ১৪ বছরের কম হয়

আপনার বয়স ১৪ বছরের কম হলে আপনি **মিডল স্কুলের** (“scuola media”) জন্য নিজের নাম নথিভুক্ত করতে পারবেন এবং এখানে আপনি মিডল স্কুল সার্টিফিকেট (“Licenza Media”) অর্জন করতে পারবেন।

- মিডল স্কুল’ তিন বছর পর্যন্ত চলে এবং এই স্কুলের শিক্ষা গ্রহণ করা বাধ্যতামূলক।
- যেসব বিষয় পড়ানো হয় সেগুলি ছাড়াও আপনি ইতালিয়ান ভাষা শেখার ব্যাপারে সাপোর্ট ক্লাসেও যোগ দিতে পারবেন
- কিছু কিছু স্কুলে গানবাজনার কোর্সও শেখানো হয়
- আপনার সবচেয়ে কাছাকাছি মিডল স্কুল খুঁজে পেতে ভিজিট করুন https://cercalatuascuola.istruzione.it/cercalatuascuola/

### মিডল স্কুলে যেসব বিষয় পড়ানো হয়[1]

| | |
|---|---|
| **ইতালিয়ান** | **বিজ্ঞান** |
| **ইংরেজি ও দ্বিতীয় বিদেশী ভাষা** | **মিউজিক** |
| **ইতিহাস** | **আর্ট এডুকেশন** |
| **ভূগোল** | **শারীরিক শিক্ষা** |
| **গণিত** | **প্রযুক্তি** |

“মিডল স্কুল সার্টিফিকেট”-এর পরবর্তী সম্পর্কে আরও বিস্তারিত জানতে নিচের ২.৩ বিভাগটি দেখুন।

[1] https://unica.istruzione.gov.it/it/orientamento/guida-alla-scelta/dal-sistema-integrato-0-6-anni-al-secondo-ciclo-di-istruzione/scuola-secondaria-di-primo-grado

## 2.2. আপনার বয়স যদি ১৪ বছরের বেশি হয়

বয়স যদি ১৪ বছরের বেশি হয় এবং আপনার কাছে “Licenza Media মিডি” না থাকে, তাহলে আপনি একটি **সিপিআইএতে *Centro Provinciale per l’Istruzione degli Adulti (CPIA)* বা “প্রাদেশিক প্রাপ্তবয়স্ক শিক্ষা কেন্দ্র”)**নাম নথিভুক্ত করতে পারেন।

- সি পি আই এ বিভিন্ন কোর্স প্রদান করে যা আপনাকে **ইতালীয় ভাষা শিখতে এবং কাজের জগতে প্রবেশের জন্য প্রয়োজনীয় মৌলিক দক্ষতাসমূহ** অর্জনের সুযোগ দেয়।
- স্কুলে, আপনি আপনার প্রশিক্ষণের প্রয়োজনের উপর ভিত্তি করে আপনার নিজস্ব **পি আই ই বা Piano Educativo Individualizzato (“ব্যক্তিগত শিক্ষার পরিকল্পনা”)** তৈরির অনুরোধ করতে পারেন।
- আপনার **সবচেয়ে কাছের সিপিআইএ** খুঁজে পেতে, নিচের লিংকটি অনুসরণ করুন এবং “সিপিআইএ” + আপনি যেখানে থাকেন সেই শহরের নাম লিখুন। https://cercalatuascuola.istruzione.it/cercalatuascuola/

**সিপিআইএ দ্বারা প্রদানকৃত শিক্ষামূলক কোর্সসমূহ**[2]

| কোর্স | বিবরণ |
|---|---|
| **প্রথম স্তর**<br>**প্রথম শিক্ষামূলক সময়কাল**<br>(400 ঘণ্টা) | মাধ্যমিক শিক্ষার (Licenza Media) প্রথম চক্রের চূড়ান্ত যোগ্যতা অর্জনের পথ। |
| **প্রথম স্তর**<br>**দ্বিতীয় শিক্ষামূলক সময়কাল**<br>(825 ঘণ্টা) | সমস্ত পেশাদার এবং প্রযুক্তিগত ইনস্টিটিউট কোর্সের সাধারণ কোর্সগুলির সাথে সম্পর্কিত মৌলিক দক্ষতা অর্জনের জন্য একটি প্রশংসাপত্র পাওয়ার পথ। |
| **ইতালীয় ভাষা শিক্ষা এবং সাক্ষরতার কোর্স**<br>(180 ঘণ্টা) | প্রাথমিক পর্যায়ের ইতালীয় ভাষা (A1-A2) সহ বিদেশী নাগরিকদের জন্য ইতালীয় ভাষার সাক্ষরতার কোর্স। |
| **দক্ষতা বাড়ানোর পথসমূহ**<br>(200 ঘণ্টা) | নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের (scuola secondaria di primo grado) শেষে জ্ঞান এবং দক্ষতা অর্জনের পথসমূহ। |
| **মডুলার পথসমূহ** | প্রতিটি স্কুল বছরের শুরুর দিকে সংক্ষিপ্ত মডুলার পথসমূহ (ভাষাসমূহ, আই টি, ইত্যাদি)। |

[2] CeSPI, ইতালিতে সঙ্গীহীন বিদেশী নাবালকদের জন্য জাতীয় পর্যবেক্ষণ সত্তা, প্রথম রিপোর্ট ২০২০। https://miur.gov.it/documents/20182/0/Rapporto_MSNA_2020.pdf/55d13f7c-66ac-701d-e75c-d43ee296cf3d?t=1616520134774

## 2.3. “Licenza Media” পাওয়ার পর

### “Licenza Media” পেয়ে গেলে দুটি পথে যাওয়া সম্ভব :

**1**

**একটি পেশাদারী প্রশিক্ষণ পথ অনুসরণ করুন**
(বৃত্তিমূলক শিক্ষার প্রশিক্ষণ - ভিইটি)

আপনি নির্বাচন করতে পারেন:
- ৩ বছর বা ৪ বছরের বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ (ভিইটি) কোর্স
- ৩ বছরের শিক্ষাণবিশ কার্যক্রম

৩ বছর পরে আপনি **পেশাগত যোগ্যতার** সার্টিফিকেট পাবেন
৪ বছর পরে আপনি **পেশাগত ডিপ্লোমার** সার্টিফিকেট পাবেন

**2**

**একটি উচ্চ বিদ্যালয়ে আপনার পড়াশোনা চালিয়ে যেতে পারেন**
(Scuola Superiore)

আপনি নির্বাচন করতে পারেন:
- হাই স্কুল
- প্রযুক্তিশিক্ষা প্রতিষ্ঠান
- বৃত্তিমূলক শিক্ষা প্রতিষ্ঠান

৫ বছর পরে আপনি **হাই স্কুল ডিপ্লোমা** পাবেন



**QUALIFICA PROFESSIONALE**
**(পেশাগত যোগ্যতা)**
/
**DIPLOMA PROFESSIONALE**
**(পেশাগত ডিপ্লোমা)**
/
**DIPLOMA DI MATURITÀ**
**(হাই স্কুল ডিপ্লোমা)**

# যোগ্যতা অর্জন করলে বা ডিপ্লোমা পেলে আরও ২টি পথ খুলে যায়।

## 1

**চাকরি পাওয়ার পথ**
উদাহরণস্বরূপ :

- কর্মক্ষেত্রে প্রশিক্ষণ (ইন্টার্নশিপ, প্রশিক্ষণ, শিক্ষানবিশ...)
- নাগরিক সেবা (Servizio Civile Universale)
- পেশাদার সংক্ষিপ্ত কোর্স

এই কোর্সগুলির শেষে আপনি **সনদপত্র এবং ট্রান্সক্রিপ্ট** পাবেন।

## 2

**"বিশ্ববিদ্যালয়" (উচ্চ শিক্ষা)**
আপনি নির্বাচন করতে পারেন:

- ৩ বা ৫ বছরের বিশ্ববিদ্যালয়
- ২ বা ৩ বছরের Istruzione Tecnica Superiore (আইটিএস) (উন্নত প্রযুক্তিগত শিক্ষা)
- ১ বছরের Istruzione e Formazione Tecnica Superiore (আইএফটিএস) (উন্নত প্রযুক্তিগত শিক্ষা এবং প্রশিক্ষণ)

বিশ্ববিদ্যালয়ের পর আপনার একটি ডিগ্রি (স্নাতক বা স্নাতকোত্তর) থাকবে। আইটিএস বা আইএফটিএস-এর পর আপনার কাছে **উচ্চতর প্রযুক্তিগত বিশেষত্বের সনদপত্র** থাকবে।



**চাকরিপ্রাপ্তি**

# 3. প্রশিক্ষণের ধরনসমূহ

- এখানে বিভিন্ন ধরনের প্রশিক্ষণ এবং পথ রয়েছে।
- আপনার জন্য সঠিকটি বেছে নেওয়ার আগে, পার্থক্যগুলি বোঝা গুরুত্বপূর্ণ।
- এটি আপনাকে প্রতিটি পথ থেকে কী আশা করতে হবে এবং সেগুলি শেষ হলে কী ধরনের লক্ষ্য অর্জন করা যাবে তা বুঝতে সহায়তা করবে।

## IeFP or Istruzione e Formazione Professionale pathways (বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ)

**আই ই এফ পি পথগুলি কী কী?** আই ই এফ পি পথগুলি হল বৃত্তিমূলক কোর্স যার লক্ষ্য ছাত্রদেরকে পেশাগতভাবে প্রশিক্ষণ দেওয়া এবং তারপর তাদেরকে দ্রুত চাকরির বাজারে একীভূত করা। আই ই এফ পি কোর্সগুলি বিভিন্ন অঞ্চল এবং স্বায়ত্তশাসিত প্রদেশগুলি দ্বারা তত্ত্বাবধান করা হয়, যা স্বীকৃত প্রশিক্ষণের কাঠামো দ্বারা প্রদত্ত অর্থায়ন কোর্সের জন্য সর্বসাধারণের প্রতি আবেদন আহ্বান সমূহ প্রকাশ করে।

**অবস্থান:** কোর্সগুলি অঞ্চল দ্বারা স্বীকৃত Centri di Formazione Professionale (সি এফ পি) নামক বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্রে বা সাবসিডিয়ারি হিসেবে Istituti Professionali di Stato (রাষ্ট্রীয় পেশাগত প্রতিষ্ঠানসমূহ) এ অনুষ্ঠিত হতে পারে।

**সময়সীমা:** ৩ অথবা ৪ বছর। প্রথম দুই বছর পর, শিক্ষার্থী তাঁর অর্জিত মৌলিক দক্ষতার সার্টিফিকেটের জন্য আবেদন করতে পারবে। তৃতীয় বছরের পর, তারা qualifica professionale (পেশাগত যোগ্যতা) সার্টিফিকেট পাবে এবং চাকরি খুঁজা শুরু করতে পারে। শুধুমাত্র কিছু কোর্সের চতুর্থ বর্ষ রয়েছে, যা একটি diploma professionale (পেশাদার ডিপ্লোমা) সার্টিফিকেট প্রদান করে - যা তৃতীয় বছরে অর্জিত যোগ্যতার চেয়ে উচ্চ মানের

**যোগ্যতা:** ৩ বছর মেয়াদী > Qualifica Professionale সার্টিফিকেট
৪ বছর মেয়াদী > Diploma Professionale সার্টিফিকেট

**পারিশ্রমিক:** কোর্সের খরচ মেটানোর জন্য প্রশিক্ষণ ভাউচার প্রদান করা হয়।

**আরও তথ্যের জন্য:** নিম্নের লিঙ্কটির "centro di formazione professionale" + আপনি যে অঞ্চলে অবস্থান করছেন তার নাম টাইপ করুন।
https://cercalatuascuola.istruzione.it/cercalatuascuola

- আইইএফপির পথগুলি শিক্ষার্থীদেরকে ব্যবহারিক ক্রিয়াকলাপের মাধ্যমে শিখতে উৎসাহ দেয়। এতে অন্তর্ভুক্ত করা হয়েছে বেশ কিছু ব্যবহারিক অনুশীলন এবং কর্মশালার কার্যক্রমসমূহ।
- আই ই এফ পি পেশাদার সার্টিফিকেটগুলো (qualifica এবং diploma) যা জাতীয় এবং ইউরোপীয় স্তরে স্বীকৃত।
- আপনি যদি চান, তাহলে আপনি 5ম বছরও (ঐচ্ছিক) পড়াশোনা চালাতে পারেন একটি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে (*secondaria di secondo grado*), যা আপনাকে রাষ্ট্রীয় সার্টিফিকেট Diploma di Stato (Maturità পেতে অনুমতি দেবে।

## ইন্টার্নশিপ / প্লেসমেন্ট

**ইন্টার্নশিপ / প্লেসমেন্ট কী:** ইন্টার্নশিপ হলো কাজের প্রেক্ষাপটে পরিচালিত একটি পরিচিতি এবং প্রশিক্ষণের সময়, যার লক্ষ্য হলো শিক্ষানবিশকে কাজের জগতের সাথে পরিচয় করানো। **এটি কর্মসংস্থানের সাথে সম্পর্কিত নয়, কিন্তু এই পথ অনুসারে লক্ষ্য হল কাজের অভিজ্ঞতার সাথে কাজ শেখার সমন্বয় করা।**
ইন্টার্নশিপ **পাঠ্যক্রম** অনুযায়ী (আপনার অধ্যয়ন পথের পাঠ্যক্রমের অংশ), বা **পাঠ্যক্রম বহির্ভূত** (শুধুমাত্র আপনি আপনার পড়াশোনা শেষ করার পর শুরু) হতে পারে।

**একটি পাঠ্যক্রম বহির্ভূত ইন্টার্নশিপে প্রবেশ করার জন্য, প্রচারক এবং চাকুরিদাতার মাঝে চুক্তি হওয়া প্রয়োজন।**

- **প্রচারক:** কর্মসংস্থান কেন্দ্র, কর্মসংস্থান সংস্থা, প্রশিক্ষণ কেন্দ্র, সরকারি ও বেসরকারি প্রশিক্ষণ সংস্থা, সমিতি, অলাভজনক সংস্থা, পেশাদার প্রশিক্ষণ সংস্থাসমূহ ইত্যাদি। এই সংস্থাগুলির সাথে যোগাযোগ করে, আপনি আপনার এলাকায় ইন্টার্নশিপের সুযোগগুলির একটি হালনাগাদ তালিকা পেতে পারেন। ইন্টার্নশিপের প্রাথমিক পর্যায়ে, এই সংস্থাগুলি **দক্ষতার সার্টিফিকেটের** উপর গুরুত্ব দেয় এবং কোন **কোম্পানি** বা অন্য **চাকুরিদাতা** খুজে বের করার চেষ্টা করে যা **সবচেয়ে উপযুক্তভাবে মিলবে।**
- **চাকুরিদাতা:** কোম্পানি, পেশাদার অধ্যয়ন ইন্সটিটিউট, বিপণি, সমবায়সমূহ, ইত্যাদি। যে সমস্ত সত্তায় আপনি ইন্টার্নশিপ সম্পূর্ণ করতে পারেন। প্রচারকদের সাথে যোগাযোগ করে আপনি স্বীকৃত কোম্পানির তালিকা পেতে পারেন।

**সময়সীমা:** পরিবর্তনশীল (ন্যূনতম 2 মাস, সর্বোচ্চ 12 মাস)।

**যোগ্যতা:** প্রশংসাপত্রদান এবং একটি প্রশিক্ষণ প্রোগ্রাম।

**পারিশ্রমিক:** পাঠ্যক্রম বহির্ভূত ইন্টার্নশিপে ন্যূনতম 300 ইউরো এর পারিশ্রমিক অন্তর্ভুক্ত করতে হবে, যা আপনি যে অঞ্চলে অবস্থান করছেন তার উপর নির্ভর করে বাড়তেও পারে।

**আরও তথ্যের জন্য:** কর্মসংস্থানের কেন্দ্র, চাকরির সংস্থা, সরকারি ও বেসরকারি সংস্থা এবং পেশাদার প্রশিক্ষণ এবং/অথবা পরিচিতি, পেশাদার প্রতিষ্ঠান, সমিতি এবং অলাভজনক সংস্থাসমূহ।

- ইন্টার্নশিপের সময় আপনাকে **একজন ব্যক্তির কাছে নিয়োগ করা হবে যিনি আপনাকে** প্রশিক্ষণ এবং কাজের পর্যায়ে গাইড **করবেন।**
- একটি **প্রশিক্ষণ কর্মসূচী** তৈরি করা হয় যা সংশ্লিষ্ট **অধিকার এবং বাধ্যবাধকতাসমূহ** প্রতিষ্ঠা করে থাকে।
- আপনি **সরাসরি আপনার কর্মক্ষেত্রে** প্রশিক্ষিত হবেন, যা আপনার **জ্ঞানকে** সমৃদ্ধ করবে।
- এই পথটি **চাকরি বা পেশার সাথে সরাসরি সম্পৃক্ততার** পক্ষে থাকবে।
- এটি আপনাকে **আপনার পছন্দের কর্মজীবনের** দিকে **মনোনিবেশ করতে** সহায়তা করে।

## যেসকল প্রশিক্ষণ পথ Borsa Lavoro প্রস্তাব করে

**borsa lavoro কী (কাজের বৃত্তি)** borsa lavoro হল একটি প্রশিক্ষণ টুল যার লক্ষ্য হল চাকরির বাজারে পরিচিতি সহজতর করা, বাস্তব অভিজ্ঞতার মাধ্যমে, তথাকথিত "দুর্বল দলসমূহ", যা তাদের অংশগ্রহণের বিনিময়ে বৃত্তি(অর্থাৎ অর্থপ্রদান) প্রদান করবে। একজন borsista বা কাজের বৃত্তি-ধারক সেই প্রতিষ্ঠান দ্বারা অর্থ পায় যারা এই কাজের বৃত্তি প্রদান করেন (সেই কোম্পানী বা সত্তা দ্বারা নয় যেখানে কাজের অভিজ্ঞতা অর্জন করা হয়)।

**প্রচারক:** অঞ্চল, পৌরসভা বা অন্যান্য সরকারী সংস্থা (ফাউন্ডেশন, দানের সমিতি, সামাজিক সমবায়সমূহ, ইত্যাদি)।

**সময়সীমা:** পরিবর্তনশীল (ন্যূনতম 2 মাস)।

**যোগ্যতা:** প্রশংসাপত্রদান এবং কর্ম অভিজ্ঞতা।

**পারিশ্রমিক:** borsa lavoro (পরিবর্তনশীল)। এটি বেতন হিসাবে নয় বরং কাজের পরিবেশে একীভূত হওয়ার এবং তারা যে কাজগুলি সম্পাদন করে তার জন্য borsista এর প্রতিশ্রুতির স্বীকৃতি হিসাবে দেয়া হয়।

**আরও তথ্যের জন্য:** কর্মসংস্থানের কেন্দ্র, চাকরির সংস্থা, সরকারি ও বেসরকারি সংস্থা এবং পেশাদার প্রশিক্ষণ এবং/অথবা পরিচিতি, পেশাদার প্রতিষ্ঠান, সমিতি এবং অলাভজনক সংস্থাসমূহ।

- এটি একটি চাকরির নিয়োগ সহ একটি **দাপ্তরিক প্রশিক্ষণের প্রোগ্রাম।**
- আপনাকে **একজন ব্যক্তির কাছে নিয়োগ করা হবে যিনি আপনাকে পথ দেখাবেন** প্রশিক্ষণের পর্যায়ে।
- এই পথটি **চাকরি বা পেশার সাথে সরাসরি সম্পৃক্ততার পক্ষে** থাকবে।

# শিক্ষানবিশ সহ প্রশিক্ষণের পথ

**শিক্ষানবিশ কি:** এটি একটি চাকরির চুক্তি যা শিক্ষাগত বিষয়বস্তুর দ্বারা চিহ্নিত করা হয়, যা শিক্ষানবিশের প্রকারের উপর নির্ভর করে 15 থেকে 29 বছর বয়সী যুবকদের চাকরির বাজারে প্রবেশের ক্ষেত্রে সহায়তা করে। নিয়োগকর্তা, শিক্ষানবিশকে কাজটি শেষ করার জন্য **পারিশ্রমিক** প্রদান করা ছাড়াও, তাকে দেওয়া **ভূমিকা এবং কাজের জন্য উপযুক্ত পেশাদার দক্ষতা অর্জনের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ** প্রদান করতে বাধ্য। শিক্ষানবিশ একটি প্রশিক্ষণ পথ অনুসরণ করতে বাধ্য, যা কোম্পানির মধ্যে বা বাইরে সম্পন্ন করা যেতে পারে। এখানে বিভিন্ন ধরনের শিক্ষানবিশ (প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় স্তরের) রয়েছে।
**প্রথম স্তরের শিক্ষানবিশ** একটি কর্মসংস্থান চুক্তি যা ডিপ্লোমা এবং পেশাদার দক্ষতা অর্জনের মাধ্যমে 15-25 বছর বয়সী যুবকদের চাকরির বাজারে অন্তর্ভুক্ত করার সুবিধা দেয়। এটি বাধ্যতামূলকভাবে স্কুল শেষ করার এবং উচ্চ মাধ্যমিক স্কুল ডিপ্লোমা, পেশাদার যোগ্যতা / ডিপ্লোমা, বা উচ্চতর প্রযুক্তিগত বিশেষত্বের প্রশংসাপত্ প্রাপ্তির অনুমতি দেয়।

**সময়সীমা:** **ন্যূনতম 6 মাস। সর্বোচ্চ:** পেশাদার যোগ্যতার জন্য **3 বছর**; পেশাদার ডিপ্লোমা বা উচ্চ মাধ্যমিক স্কুল ডিপ্লোমার জন্য **4 বছর।** যাদের ইতিমধ্যেই পেশাদার যোগ্যতা এবং পেশাদার ডিপ্লোমা বা উচ্চতর প্রযুক্তিগত বিশেষত্বের সার্টিফিকেট রয়েছে তাদের জন্য সময়সীমা **1 বছর** স্থায়ী হতে পারে।

**যোগ্যতা:** প্রথম স্তরের শিক্ষানবিশের সাথে, আপনি পেশাদার যোগ্যতা/ ডিপ্লোমা, বা উচ্চ মাধ্যমিক শিক্ষার ডিপ্লোমা, বা উচ্চতর প্রযুক্তিগত বিশেষীকরণ সার্টিফিকেট (আই এফ টি এস) পাবেন।

**পারিশ্রমিক:** মাসিক পারিশ্রমিক। প্রথম স্তরের শিক্ষানবিশীর জন্য, অপ্রাপ্তবয়স্কদের ক্ষেত্রে পারিশ্রমিক প্রতি বছর 2.000 ইউরো এবং 18 বছরের বেশি বয়সী যুবকদের ক্ষেত্রে 3.000 ইউরো।

**আরও তথ্যের জন্য:** যেসব কোম্পানি শিক্ষানবিশ নিয়োগের প্রস্তাব দেয়। কর্মসংস্থানের কেন্দ্র, চাকরির সংস্থা, সরকারি ও বেসরকারি সংস্থা এবং পেশাদার প্রশিক্ষণ এবং/অথবা অভিযোজন কেন্দ্র থেকেও আপনি তথ্য

পেতে পারেন। তাদের কাছে জানতে চান যে তাদের কাছে কোম্পানি বা তাদের এলাকার অন্যান্য সংস্থায় শিক্ষানবিশের সুযোগ সম্পর্কে হালনাগাদ তথ্য আছে কিনা।

- যার মাঝে একটি লিখিত **চুক্তি**, একটি **প্রবেশন সময়কাল** এবং একটি পি এফ আই বা Piano Formativo Individuale (ব্যক্তিগত প্রশিক্ষণ পরিকল্পনা) অন্তর্ভুক্ত।
- **শিক্ষানবিশের শেষের দিকে**, নিয়োগকর্তা একটি স্থায়ী কাজের চুক্তি চালিয়ে যেতে বা শিক্ষানবিশ চুক্তি থেকে প্রত্যাহার করার সিদ্ধান্ত নিতে পারেন।

## Servizio Civile Universale (সর্বজনীন নাগরিক সেবা)

**নাগরিক সেবা কি?** আপনার জীবনের কয়েক মাস দেশের নিরস্ত্র ও অহিংস প্রতিরক্ষায়, মানুষের মধ্যে শান্তি প্রতিষ্ঠায় এবং **ইতালীয় প্রজাতন্ত্রের মৌলিক মূল্যবোধের** প্রচারের জন্য উৎসর্গ করা একটি স্বেচ্ছাসেবী সিদ্ধান্ত, যা সম্প্রদায় এবং অঞ্চলের জন্য কর্মে নিযুক্ত হয়ে করা যায়। একজন **বেসামরিক সেবায় স্বেচ্ছাসেবক** হিসেবে কাজ করার অর্থ হচ্ছে, **একজন ব্যক্তি হিসেবে গড়ে ওঠা এবং প্রশিক্ষণ গ্রহণের** একটি সুযোগ লাভ করা এই কারণেই এটি একটি কাজের পরিবেশে সর্বজনীন বেসামরিক পরিষেবা পরিচালনা করার উপযোগী হতে পারে।

**প্রয়োজনীয়তা:** আবেদনকারীদের অবশ্যই ইতালিতে একটি বৈধ আবাসের অনুমতি থাকতে হবে এবং বয়স 18 থেকে 28 এর মধ্যে হতে হবে।

**পদ্ধতি:** প্রতি বছর, ইতালীয় সরকার সার্বজনীন বেসামরিক পরিষেবার **প্রোগ্রামে নিযুক্ত স্বেচ্ছাসেবকদের** নির্বাচনের জন্য **একটি bando (আবেদনের জন্য বিজ্ঞাপন)** প্রকাশ করে (উদাহরণস্বরূপ, ২০২২ সালে তারা **৫৬,০০০** এর বেশি স্বেচ্ছাসেবকদের জন্য একটি bando প্রকাশ করে)। প্রতিটি bando **বিভিন্ন সংস্থায় প্রস্তাবিত বিভিন্ন কর্মসূচি সমূহ** উপস্থাপন করে থাকে।

আপনি যদি আগ্রহী হন, তাহলে আপনি bando-তে নির্দিষ্ট সময়সীমার মধ্যে আবেদন করতে পারেন:

1. https://www.politichegiovanili.gov.it/servizio-civile/bandi-e-avvisi-di-servizio-civile/ -এ যান;
2. bando-টি **সাবধানে** পড়ুন;
3. আপনার আগ্রহ এবং প্রত্যাশার সাথে সবচেয়ে উপযুক্ত **প্রোগ্রামটি বাছাই করুন**;
4. আপনি অনলাইন প্ল্যাটফর্ম DOL এর মাধ্যমে আপনার আবেদনটি জমা দিতে পারবেন: www.domandaonline.serviziocivile.it ;
5. লগ ইন করতে আপনার একটি SPID ডিজিটাল পরিচয়ের প্রয়োজন হবে: https://www.spid.gov.it/ ;
6. আপনি যদি আগে থেকে নির্বাচিত হয়ে থাকেন, তাহলে প্রকল্পটি পরিচালনা করছে এমন সত্তা আপনাকে বাছাই করার জন্য **সাক্ষাৎকারে** ডাকবেন;
7. আপনি যদি নির্বাচিত হন, তাহলে আপনি একজন **বেসামরিক পরিষেবার স্বেচ্ছাসেবক কর্মী** হয়ে উঠবেন এবং আপনি Dipartimento per le Politiche Giovanili e il Servizio Civile Universale della Presidenza del Consiglio dei Ministri (ইতালীয় যুব নীতি বিভাগ এবং সার্বজনীন বেসামরিক পরিষেবা) এর সাথে একটি চুক্তি স্বাক্ষর করবেন।

**সময়সীমা:** 8 থেকে 12 মাসের মাঝে প্রোগ্রামের উপর নির্ভর করে। সাপ্তাহিক কাজের চাপ কমপক্ষে 25 ঘন্টা বা মোট বার্ষিক ঘন্টার মাঝে 1,145 ঘণ্টা 12 মাস স্থায়ী প্রোগ্রামগুলির জন্য এবং 8 মাস স্থায়ী প্রকল্পগুলির জন্য 765 ঘন্টা।

**যোগ্যতা:** নাগরিক পরিষেবায় অংশগ্রহণের জন্য প্রশিক্ষণের ক্রেডিটসমূহ এবং সার্টিফিকেশন।

**পারিশ্রমিক:** একটি মাসিক পারিশ্রমিক আশা করা যায়।


**আরও তথ্য:** আপনি Dipartimento per le Politiche Giovanili e il Servizio Civile Universale ওয়েবসাইটে সার্বজনীন নাগরিক পরিষেবায় অংশগ্রহণের জন্য আবেদনের আহ্বানে সাড়া দেওয়ার বিষয়ে বিস্তারিত জানতে পারেন: https://www.politichegiovanili.gov.it/servizio-civile/cosa-e-il-servizio-civile/

- কিছু কিছু প্রোগ্রামে **কম সুবিধাপ্রাপ্ত তরুণদের অগ্রাধিকার দেওয়া হয়।**
- কিছু প্রোগ্রামের জন্য কাজের পরিবেশে আপনার মিশে যাওয়াকে সহজতর করার জন্য **প্রশিক্ষণের সময়কাল (তিন মাস পর্যন্ত স্থায়ী)** সক্রিয় করা সম্ভব।
- একটি bando **কীভাবে সাজানো হয় এবং কীভাবে উত্তর দিতে হয়** তার ধারণা পেতে ২০২৪ সালের জন্য প্রকাশিত লিংকটি দেখুন: https://www.scelgoilserviziocivile.gov.it/leggi-il-bando/il-testo/

## স্বল্পমেয়াদী সার্টিফিকেশন এবং পেশাদার কোর্স

উপরে উল্লিখিত প্রকল্পগুলির পাশাপাশি, **স্বল্প-মেয়াদী পথগুলির একটি বিস্তৃত পরিসর রয়েছে যা আপনাকে বিশেষ পেশাগুলিতে বিশেষজ্ঞ** হওয়ার অনুমতি দেয়। এই কোর্সগুলির বিশদ বিবরণ (সময়কাল, প্রয়োজনীয়তা সমূহ, চাকরির সুযোগসমূহ ইত্যাদি) উল্লেখ আছে ,যা ক্ষেত্র বিশেষে ভিন্ন যা প্রশ্নে থাকা চাকরির ক্ষেত্রের উপর এবং আপনি যে ধরনের যোগ্যতা বা সার্টিফিকেশন পেতে চান তার উপর নির্ভর করে। বিশেষায়িত কোর্সগুলি সাধারণত স্থানীয় সংস্থা দ্বারা সংগঠিত হয় - সরকারী, বেসরকারী বা তৃতীয় কোনো সেক্টর থেকে। অতএব, আপনি যে অঞ্চল বা প্রদেশে অবস্থান করছেন, সেখানে প্রাপ্ত সুযোগগুলি সম্পর্কে তথ্য নেওয়া গুরুত্বপূর্ণ।

**কতিপয় উদাহরণসমূহ:** নিম্নে তিনটি পেশা এবং যোগ্যতার উদাহরণ দেওয়া হল যা পেশাদার সার্টিফিকেশন এবং স্বল্পমেয়াদী কোর্সের মাধ্যমে প্রাপ্তি লাভ করা যেতে পারে।



**ভাষাগত ও সাংস্কৃতিক মধ্যস্থতাকারী:** একটি ভূমিকা যার খুব বেশি চাহিদা রয়েছে, **বিদেশীদের সাথে যোগাযোগের সূক্ষ্ম প্রক্রিয়া এবং সম্পর্ক পরিচালনা করা,** তাদের মূল তথ্য, সরকারী ও বেসরকারী পরিষেবাগুলি পেতে সহায়তা এবং শিক্ষা, চাকরি, স্বাস্থ্য ইত্যাদি ব্যবস্থার সাথে তাদেরকে একীভূত সহায়তা করা। আপনি যখন একজন ভাষাগত এবং সাংস্কৃতিক মধ্যস্থতাকারী হবেন, তখন আপনি বিভিন্ন প্রেক্ষাপটে কাজ করতে পারবেন উদাহরণস্বরূপ: তত্ত্বাবধানের সুযোগ - সুবিধাসমূহ, পুলিশ সদর দফতর, অধ্যক্ষতা, কর্মসংস্থানের কেন্দ্রসমূহ, স্কুল, সামাজিক এবং স্বাস্থ্য পরিবেশ এবং ব্যক্তিগত পরিষেবা প্রদানকারী অন্যান্য ইউনিটসমূহ।
আরও তথ্যের জন্য: https://www.integrazionemigranti.gov.it/it-it/Dettaglio-approfondimento/id/41/Mediazione-interculturale

**এইচএসিসিপি প্রশংসাপত:** এইচএসিসিপি-এর অর্থ হলো বিপর্যয় বিশ্লেষণ এবং জরুরী নিয়ন্ত্রণ পয়েন্ট। এই সার্টিফিকেটটি **বাধ্যতামূলক - যারা খাদ্য শিল্পে কাজ করতে ইচ্ছুক** এবং যারা খাবার স্পর্শ করবেন তাদের জন্য। আপনি যদি একজন রন্ধনকারিগর, একজন সহকারী রন্ধনকারিগর বা ওয়েটার, কিংবা এমন একজন খাদ্যের বিক্রেতা (ইত্যাদি) হতে চান, তাহলে আপনাকে একটি কোর্স সম্পন্ন করতে হবে এবং একটি এইচ এসিসিপি সার্টিফিকেট পেতে হবে যা **খাদ্যের নিরাপত্তার ক্ষেত্রে স্বাস্থ্যবিধি** নিশ্চিত করার পদ্ধতি সম্পর্কে আপনার জ্ঞান এবং দক্ষতা নিশ্চিত করবে।
আরও তথ্যের জন্য: https://www.salute.gov.it/portale/temi/p2_6.jsp?id=1225&area=sicurezzaAlimentare&menu=igiene



**Operatore Socio-Sanitario (ওএসএস) - স্বাস্থ্য ও সামাজিক সহায়তা কর্মী:** এটি এমন একজন ব্যক্তি যিনি অন্যান্য ওএসএস-এর সাথে কাজ করে **প্রতিবন্ধী বা যারা শারীরিক এবং/বা মানসিকভাবে স্বয়ংসম্পূর্ণ নয় তাদের যত্ন নেওয়া এবং সহায়তা প্রদানের সাথে জড়িত কার্যকলাপে নিযুক্ত হন।** অতএব, ওএসএস প্রোগ্রামটি বিভিন্ন কাজের পরিবেশে পরিষেবা ব্যবহারকারীর মঙ্গল, তার স্বায়ত্তশাসন এবং সামাজিক অন্তর্ভুক্তির পক্ষে - বিশেষ করে এইসব কাজের পরিবেশে: হাসপাতাল, অবসর গৃহ, আবাসিক যত্নের গৃহ, সেই সাথে সরকারী এবং বেসরকারী স্বাস্থ্য এবং সামাজিক সহায়তার পরিষেবা প্রদানকারী ইউনিটসমূহ।
আরও তথ্যের জন্য: https://www.salute.gov.it/portale/moduliServizi/dettaglioSchedaModuliServizi.jsp?lingua=italiano&label=servizionline&idMat=PROFS&idAmb=RTENC&idSrv=D2.26&flag=P

**আইটি অপারেটরের যোগ্যতা:** এটি এমন কেউ যিনি **আইটি দক্ষতাসম্পন্ন**, তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে বিশেষজ্ঞ এবং বিশেষ করে পি সি, মোবাইল ফোন, নেটওয়ার্ক, সার্ভারসমূহ ইত্যাদির জন্য হার্ডওয়্যার এবং সফ্টওয়্যার ইনস্টলেশন, কনফিগারেশন এবং রক্ষণাবেক্ষণে কাজ করেন। এই যোগ্যতা আপনাকে কোম্পানি, সরকারি সংস্থা, স্কুল এবং কোম্পানির সহায়তা ডেস্কের আই টি বিভাগ সহ বিভিন্ন কাজের পরিবেশে অংশ নিত অনুমতি দেয়।
আরও তথ্যের জন্য: https://www.anpal.gov.it/notizie/-/asset_publisher/Yfaaffr5jnf9/content/ict-force-corsi-per-programmatori-web-e-mobile-oriented

## ...কিন্তু আরো অনেক আছে!!!

আপনি যে অঞ্চল বা প্রদেশে অবস্থান করছেন সেখানে উপলব্ধ স্বল্পমেয়াদী পেশাদার কোর্সগুলি দেখুন।

# চাকরিপ্রাপ্তিতে সহায়ক কর্মসূচির উদাহরণ

## “PERCORSI 4” প্রোগ্রাম: তরুণ অভিবাসীদের জন্য প্রশিক্ষণ, কাজ এবং একীভূতকরণ

**উদ্দেশ্য:** সঙ্গীহীন প্রবাসী অপ্রাপ্তবয়স্ক এবং অভিবাসী যুবকদের সুরক্ষিত পরিবেশে থাকাকালীন প্রাপ্ত সহায়তা সম্পর্কে প্রচারনা করা হয় যাতে তারা স্থানীয় সম্প্রদায়ের মধ্যে পূর্ণ স্বাধীনতা এবং একীভূতকরণ প্রাপ্ত হয়ে সামাজিক একীভূতকরণের জন্য সমন্বিত পথের মাধ্যমে অভিযোজন এবং ইন্টার্নশিপের মাধ্যমে চাকরিতে নিয়োগ করতে পারে। প্রকল্পটি শ্রম ও সামাজিক নীতি মন্ত্রনালয় দ্বারা প্রচারিত হয় এবং বর্তমানে এটি ব্যাসিলিকাটা, ক্যালাব্রিয়া, ক্যাম্পানিয়া, পুলিয়া এবং সিসিলিতে চতুর্থ পর্যায়ে রয়েছে।

**সময়সীমা:** ৬ মাস; ১২ মাস পর্যন্ত বাড়ানো যাবে।

**পারিশ্রমিক:** উপস্থিতির ভাতা এবং স্বতন্ত্র ভাতা, যার সাহায্যে আপনি আপনার দক্ষতা, সামাজিক-সংহতিকরণ এবং চাকরির নিয়োগ পরিষেবা এবং স্বাধীনতা অর্জনে সহায়তার জন্য বিভিন্ন পরিষেবা লাভ করতে পারেন।

**স্বতন্ত্র ভাতা প্রোগ্রামের স্টেকহোল্ডার:**

- **গ্রাহক:** আবেদন করার জন্য আপনাকে ১৬ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে, একজন সঙ্গীহীন প্রবাসী অপ্রাপ্তবয়স্ক বা একজন প্রাপ্তবয়স্ক হতে হবে যিনি একজন সঙ্গীহীন প্রবাসী অপ্রাপ্তবয়স্ক হিসাবে ইতালিতে প্রবেশ করেছেন এবং আবেদনের সময় বেকার আছেন।
- **প্রচারক:** সেইসব সরকারী এবং বেসরকারী ব্যক্তি বা সংস্থা যারা কর্মসংস্থান পরিষেবা প্রদানের জন্য অনুমোদিত বা এ লক্ষ্যে মধ্যস্ততা করেন।
- **নিমন্ত্রণকর্তা:** সমস্ত নিয়োগকর্তা যারা ইন্টার্নদেরকে নিমন্ত্রণ করতে পারেন।

**আরও তথ্য:** আপনি যদি “পারকরসি ৪” প্রোগ্রামে অংশ নিতে চান, তাহলে আপনি এই ওয়েবসাইটে যেতে পারেন: https://www.lavoro.gov.it/temi-e-priorita/immigrazione/focus-on/politiche-di-integrazione-sociale/pagine/attivita-e-servizi

# “PUOI PLUS” প্রকল্প

**উদ্দেশ্য:** নতুন “PUOI PLUS” সহায়তার লক্ষ্য হলো পরামর্শ, শিক্ষা এবং ভাষা এবং অন্যান্য প্রশিক্ষণের উপর আলোকপাত করে ইন্টিগ্রেশন প্রোগ্রামের মাধ্যমে তৃতীয় দেশের নাগরিকদের চাহিদা অনুযায়ী লক্ষ্যযুক্ত সহায়তা প্রদান করা, যেমন নাগরিক এবং বৃত্তিমূলক পরিচিতি কোর্স।
সহায়তার নির্দিষ্ট উদ্দেশ্যগুলি হলো :

- কর্মক্ষেত্রে উত্তরণের উপায়সমূহের প্রচার, পরিচালনা ও পর্যবেক্ষণ;
- অংশগ্রহণ যোগ্যতা যাচাই করার জন্য অপারেটরদের সহায়তা এবং সহযোগিতা প্রদান করা, পদ্ধতি ও সহায়তা সরঞ্জামের প্রাপ্তি এবং সেগুলো ভাগ করে নেওয়া;
- পরিবর্তনের পথগুলোর গুণগত ও পরিমাণগত দিক থেকে মূল্যায়ন, এবং হস্তক্ষেপের ফলাফল প্রচার ও বিস্তার করা
- অভিবাসীদের জটিল চাহিদা মেটাতে এবং দক্ষ ও কার্যকর সরকারি-বেসরকারি সংযোগের মাধ্যমে নতুন ও বিস্তৃত নেটওয়ার্কের বিকাশে অবদান রাখতে কর্মসংস্থান কেন্দ্রগুলির আরও সক্রিয় ভূমিকার প্রচার করা।

**নির্দিষ্ট দর্শক:** দুর্বল অভিবাসী যেমন আন্তর্জাতিক, অস্থায়ী এবং বিশেষ সুরক্ষাসহ তৃতীয় দেশের নাগরিক, আশ্রয়প্রার্থী, সঙ্গীহীন অপ্রাপ্তবয়স্ক এবং প্রাক্তন প্রবাসী অপ্রাপ্তবয়স্ক, পাচার এবং/অথবা গুরুতর শ্রমের মাধ্যমে শোষণ এবং/অথবা লিঙ্গ ভিত্তিক সহিংসতার শিকার।

**সম্প্রচারকদের জন্য তথ্য:** এএমআইএফ এবং ২০২১-২৭ অন্তর্ভুক্তি ও দারিদ্র্য প্রতিরোধ কর্মসূচির মাধ্যমে এই সহায়তায় পরিপূরকভাবে অর্থায়ন করা হবে, যেখানে অভিবাসন ও অন্তর্ভুক্তি নীতির মহাপরিচালককে মধ্যবর্তী সংস্থা

[3] https://www.interno.gov.it/sites/default/files/2023-12/invito_ad_hoc_puoiplus_fami-signed.pdf

হিসেবে নির্ধারণ করা হয়েছে। এর উদ্দেশ্য হলো ব্যক্তিগত ভাতা প্রদানের জন্য একটি ব্যাপক এবং বহু-বার্ষিক প্রস্তাবনা উপস্থাপন করা এবং ইএসএফ+ এর অধীনে তৃতীয় দেশের ৬,২০০ জন দুর্বল অভিবাসীর সামাজিক ও পেশাগত অন্তর্ভুক্তির পথ শক্তিশালী করা। প্রকল্পটিতে অর্থায়নের জন্য ২০২১-২০২৭ সালের এফএএমআই থেকে সর্বোচ্চ € ১৫,০০০,০০০.০০ বরাদ্দ করা হয়েছে। ডিরেক্টরেট জেনারেল ফর ইমিগ্রেশন অ্যান্ড ইন্টিগ্রেশন পলিসি অন্যান্য জাতীয় এবং/অথবা ইইউ তহবিলের উৎসের মাধ্যমেও প্রকল্পের তহবিল বরাদ্দ বাড়ানোর অধিকার সংরক্ষণ করে।

**আরও তথ্য:** https://www.interno.gov.it/sites/default/files/2023-12/invito_ad_hoc_puoiplus_fami-signed.pdf

## “Skills4YOUth” কর্মশালা

**উদ্দেশ্য:** অভ্যর্থনা কেন্দ্র এবং ক্যাচ-আপ স্কুলগুলোতে (সিপিআইএ) তরুণ শরণার্থী ও অভিবাসীদের জন্য কর্মমুখী দিকনির্দেশনা এবং সফট স্কিল উন্নয়নের কর্মশালা। Skills4YOUth উদ্যোগটি ইউনিসেফ দ্বারা প্রচারিত Junior Achievement Italy-এর অংশীদারিত্বে এবং ইউরোপীয় কমিশনের সহায়তায় PROTECT[4] প্রকল্পের আওতায় পরিচালিত।

**পদ্ধতি:** Skills4Youth (S4Y) কর্মশালাগুলির মাধ্যমে দলগত ক্রিয়াকলাপের জন্য ধন্যবাদ। **আপনি যে কাজটি করতে চান, আপনার দক্ষতা এবং সেগুলি বিকাশের জন্য আপনার যে প্রশিক্ষণের** প্রয়োজন হবে তা প্রতিফলিত করতে পারেন। **শ্রমিকদের অধিকার** সম্পর্কে আপনার জ্ঞানকে আরও গভীর করতে পারেন এবং কীভাবে একটি **জীবনবৃত্তান্ত** বা **চাকরির সাক্ষাৎকার** প্রস্তুত করতে হয় তা শিখতে পারেন।

**অবস্থান ও সময়সীমা:** S4Y কর্মশালা পুরো ইতালিজুড়ে অভ্যর্থনা কেন্দ্র এবং সিপিআইএতে প্রচার করা হয়। প্রতিটি কর্মশালা প্রায় ৪ ঘন্টা স্থায়ী হয়।

**যোগ্যতা:** কর্মশালা শেষে প্রতিটি অংশগ্রহণকারীকে অংশগ্রহণের একটি সনদপত্র দেওয়া হয়।

**আরও তথ্যের জন্য:** এই কর্মশালাগুলি ইউনিসেফের প্রদত্ত উপকরণগুলির সাহায্যে স্থাপনার কর্মী এবং সিপিআইএর কর্মীরা সক্রিয় করতে পারেন, যার মধ্যে শিক্ষক, পরিচালক, পরিচর্যাকারী এবং সংগ্রহ ব্যবস্থার সহায়তাকারীদের উদ্দেশ্যে একটি **বিনামূল্যের ই-লার্নিং কোর্স** এবং একটি **সহায়তাকারীর গাইড** অন্তর্ভুক্ত রয়েছে। Skills4YOUTH সম্পর্কে আরও তথ্যের জন্য: https://www.unicef.it/media/skills4youth-valorizzare-le-proprie-competenze-per-orientarsi-nel-mondo-del-lavoro-costruire-il-proprio-futuro/

[4] https://www.unicef.it/media/l-unicef-e-la-commissione-europea-rafforzano-la-collaborazione-a-favore-di-bambini-bambine-e-adolescenti-rifugiati-e-migranti-in-italia-protect-protecting-children-on-the-move/

# 4. প্রশিক্ষণ ও কাজ খুঁজে বের করার বিষয়ে পরামর্শ

**কোথায় বৃত্তিমূলক প্রশিক্ষণ এবং চাকরির সুযোগ পাওয়া যাবে?**

এখানে কিছু পরামর্শ দেওয়া হলো!

## 1 বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র (Centri di Formazione Professionale, CFP)

- পেশাগত শিক্ষা ও প্রশিক্ষণ কোর্স (আইইএফপি)
- স্বল্পমেয়াদী বৃত্তিমূলক কোর্স, বিনামূল্যে এবং মূল্যসহ
- Scuola in Chiaro ওয়েবসাইটে আপনার নিকটতম সিএফপি খুঁজে বের করুন। https://cercalatuascuola.istruzione.it/cercalatuascuola/

## 2 চাকরি কেন্দ্র (সিপিআই)

- এটি নিয়োগকারীদের সাথে চাকরিপ্রার্থীদের যোগাযোগ রাখে।
- কাজের জন্য তাৎক্ষণিক তৈরি থাকার ঘোষণাপত্রের (ডিআইডি) মাধ্যমে আপনি ঘোষণা করেন যে আপনি কাজের জন্য প্রস্তুত।
- চাকরির সুযোগ, ইন্টার্নশিপ, শিক্ষানবিশ এবং বৃত্তিমূলক প্রশিক্ষণ সম্পর্কিত তথ্য
- আপনার জীবনবৃত্তান্ত (সিভি) লিখতে এবং আবেদন পাঠাতে সহায়তা করে
- সিপিআই পরিষেবা বিনামূল্যে পাওয়া যায়।
- শ্রম মন্ত্রণালয়ের ‘সার্চ ডেস্ক’ পৃষ্ঠায় আপনার নিকটতম সিপিআই সন্ধান করুন https://servizi.lavoro.gov.it/cerca-sportello/

## 3 আপনি যেখানে থাকেন সেই পৌরসভায় ইনফরমাজোভানি ডেস্ক

- বৃত্তিমূলক প্রশিক্ষণ ও কর্মসংস্থান, স্বেচ্ছাসেবক এবং অবসরের সুযোগ সম্পর্কিত তথ্য
- শ্রম মন্ত্রনালয়ের “cerca sportello” টাইপ করে আপনার নিকটতম ইনফরমাজোভানি ডেস্কটি খুঁজুন https://servizi.lavoro.gov.it/cerca-sportello/

## 4 আপনি যে অঞ্চলে বাস করেন সেই অঞ্চলের ওয়েবসাইট

- ইন্টারনেটে ‘চাকরি + অঞ্চলের নাম’ টাইপ করুন, যেমন ‘লাভোরো তুস্কানো অঞ্চল।
- এই অঞ্চলে চাকরির সুযোগ এবং সংক্ষিপ্ত বৃত্তিমূলক কোর্সের জন্য নিবেদিত পৃষ্ঠাটি খুঁজুন (কিছু বিনামূল্যে পাওয়া যায়)

সর্বদা মনে রাখবেন যে **অভ্যর্থনা কেন্দ্রের কর্মীরা এবং আপনার অভিভাবক আপনাকে উপরে বর্ণিত উপায়গুলির মধ্যে একটি বেছে নিতে সাহায্য করতে পারে!** তাদের সাথে আপনার পছন্দ শেয়ার করতে এবং পরামর্শ চাইতে দ্বিধা করবেন না।
এই নির্দেশিকাটি আপনাকে কীভাবে প্রথম পদক্ষেপগুলি নিজে থেকে নিতে হয় সে সম্পর্কে ব্যবহারিক পরামর্শ দেবে, তবে অভ্যর্থনা কেন্দ্রের কর্মী এবং আপনার অভিভাবক 18 বছর বয়স পর্যন্ত আপনার অন্যতম প্রধান পথপ্রদর্শক হিসেবে থাকবেন।



# 5. ন্যূনতম শর্তাবলি এবং প্রয়োজনীয় নথি

**ন্যূনতম শর্তাবলি:** গুণ, শর্ত বা বৈশিষ্ট্যসমূহ যা প্রশিক্ষণের পথে অ্যাক্সেস করার **আগে** প্রয়োজন। শর্তাবলি পথ নিরীখে পরিবর্তিত হয়, তবে সমস্ত পথের জন্য প্রযোজ্য মৌলিক চাহিদাগুলি নিম্নে তালিকাভুক্ত করা হয়েছে।

**একটি প্রশিক্ষণের পথ অ্যাক্সেস করতে এবং ইতালিতে কাজ করতে, আপনাকে...**

| | | |
|---|---|---|
| 1 | **কমপক্ষে ১৬ বছর বয়সী হতে হবে** | ইতালিতে, কাজ শুরু করার জন্য আপনার বয়স ন্যূনতম ১৬ বছর হতে হবে, যার মানে হল **আপনি যদি ১৬ বছরের কম হন, আপনি তখনই কাজ করতে পারবেন না,** তবে আপনি আপনার স্কুলের পড়াশোনা চালিয়ে যেতে পারবেন এবং প্রশিক্ষণ প্রোগ্রামগুলিতে অ্যাক্সেস পেতে পারবেন।* |
| 2 | **ইতালিতে বৈধভাবে বসবাস করুন** | এর মানে হলো যে আপনার কাছে একটি **বৈধ আবাসিক অনুমতি** রয়েছে (প্রয়োজনীয় নথির বিভাগে এটি সম্পর্কে আরও জানুন)। |
| 3 | **ইতালিতে কমপক্ষে ২-৬ মাস ধরে বসবাস করেছেন** | এটির জন্য সর্বনিম্ন সময়কাল:<br>• মিডল স্কুল সার্টিফিকেট অর্জন<br>• **ইতালীয় ভাষার পর্যাপ্ত জ্ঞান** অর্জন করা<br>• একটি **আবাসিক অনুমতি** প্রাপ্তি<br>• **বসবাসের** জন্য আবেদন করা |
| 4 | **ইতালীয় ভাষায় পর্যাপ্ত জ্ঞান অর্জন করেছেন** | এটা বাধ্যতামূলক নয়... কিন্তু এর মানে এই নয় যে এটি খুব একটা গুরুত্বপূর্ণ নয়!<br>এটি যে-**কোনো প্রশিক্ষণ/চাকরির পথ** পাওয়া ব্যতীতও আপনার **সামাজিক অন্তর্ভুক্তি** প্রক্রিয়ার জন্যও গুরুত্বপূর্ণ। |

* ইতালিতে, **শিক্ষানবিশ** চুক্তির মাধ্যমে প্রশিক্ষণ কোর্স সক্রিয় করার ক্ষেত্রে **১৫ বছর বয়স** থেকেও নিযুক্ত হওয়া সম্ভব (Legislative Decree 81/2015 art. 43)।

5

**আপনার "Licenza Media" (মিডল স্কুল সার্টিফিকেট) পেয়েছেন**

আপনার অভিভাবক বা অভ্যর্থনা কেন্দ্রের একজন কর্মীর সাথে সম্পূর্ণ স্কুল বছরের জন্য স্ব-**প্রত্যয়নের** পদ্ধতি শুরু করার এবং **আপনার দেশে প্রাপ্ত যোগ্যতার স্বীকৃতি সম্পর্কে কথা বলুন।**

6

**Anagrafe-এ (নাগরিক রেজিস্ট্রি) এবং/অথবা ইতালির বাসিন্দা হিসেবে নিবন্ধিত হন**

দুটি কারণে পদ্ধতিটি শুরু করার বিষয়ে আপনার অভিভাবক বা অভ্যর্থনা কেন্দ্রের কর্মীর সাথে কথা বলুন:
**আবাসস্থল:** আপনার ঠিকানা প্রত্যয়িত করে; এটি একটি পরিচর্যা কেন্দ্রের ঠিকানাও হতে পারে;.
**Anagrafe (নাগরিক রেজিস্ট্রি):** ইতালির ভূখণ্ডে আপনার উপস্থিতি প্রত্যয়িত করে। এটি নাগরিকত্বের উদ্দেশ্যেও গুরুত্বপূর্ণ।

**প্রয়োজনীয় নথিসমূহ:** নির্বাচিত ধরণের উপায় অনুযায়ী প্রয়োজনীয় নথিগুলিও পরিবর্তিত হয়। যাই হোক না কেন, নিচে আপনি নথিগুলির একটি তালিকা পাবেন, যেগুলো আপনার অভিভাবক বা অভ্যর্থনা কেন্দ্রের কর্মীর সাহায্যে প্রস্তুত হতে সহায়ক হবে।

1

**বসবাসের জন্য একটি বৈধ আবাসিক অনুমতি**

নথিগুলো আপনার কাছে না থাকলে আপনি আপনার Domanda di Protezione Internazionale (C3) (আন্তর্জাতিক সুরক্ষার জন্য অনুরোধ) এর একটি কপি অথবা Commissione Territoriale-**এর কাছে থেকে আপনার অবস্থার প্রজ্ঞাপন ব্যবহার করতে পারেন।**

2

**আপনার পরিচয়পত্র**

**বসবাসের আবাসিক অনুমতি পাওয়ার পরেই** আপনি পরিচয়পত্রের জন্য আবেদন করতে পারবেন। আপনাকে **বসবাসের** বিস্তারিত প্রদান করতে হবে: আপনার অবস্থান নির্দিষ্ না হওয়া পর্যন্ত আপনি অভ্যর্থনা কেন্দ্রের ঠিকানা ব্যবহার করতে পারবেন।

| | | |
|---|---|---|
| 3 | **Codice Fiscale (ফিসকাল কোড)** | আপনার অভিভাবক অথবা অভ্যর্থনা কেন্দ্রের কর্মী ইতালিয়ান রাজস্ব সংস্থা থেকে আপনাকে একটি **ফিসকাল কোড পেতে** সাহায্য করতে পারেন। Agenzia delle Entrate.<br>যেকোনো ক্ষেত্রে আপনি আপনার **এস টি পি কোড** ব্যবহার করতে পারেন (এস টি পি এর অর্থ হলো Straniero Temporaneamente Presente অথবা "অস্থায়ীভাবে উপস্থিত বিদেশী নাগরিক")। |
| 4 | **মিডল স্কুল সার্টিফিকেট এর একটি কপি** | এটি **স্কুল থেকে দেওয়া হয়** অথবা প্রাদেশিক বয়স্ক শিক্ষাকেন্দ্র অথবা কোর্স শেষে আপনি যে সিপিআইএতে (Centro Provinciale per l'Istruzione degli Adulti) যোগ দিয়েছিলেন সেখান থেকে দেওয়া হয়। |
| 5 | **PIP, PFI অথবা PEI** | এটি এমন একটি নথি যা **আপনার নির্দিষ্ট প্রয়োজনের উপর ভিত্তি করে আপনার অনুসরণকৃত প্রশিক্ষণের পথের উদ্দেশ্য নির্ধারণ করতে** ব্যবহৃত হয়। পরিকল্পনাটি আপনার অভিভাবক বা অভ্যর্থনা কেন্দ্র, স্কুল বা সি পি আই এ বা কর্মসংস্থান কেন্দ্রের একজন কর্মীর সাথে একসাথে প্রস্তুত করা হয়েছে।<br>এই সংক্ষিপ্ত শব্দগুলির অর্থ:<br>PIP = পারসোনালাইজড ইনটারভেনশন প্ল্যান<br>PFI = ইন্ডিভিজুয়াল ট্রেনিং প্ল্যান<br>PEI = ইন্ডিভিজুয়ালাইজড ট্রেনিং প্রোগ্রাম (স্বতন্ত্র প্রশিক্ষণ প্রোগ্রাম) |
| 6 | **কাজের জন্য অবিলম্বে প্রাপ্যতার ঘোষণা** | আপনি একটি কর্মসংস্থান কেন্দ্রে DID ফাইল করতে পারেন, যেখানে আপনি ঘোষণা করেন যে আপনি বেকার এবং **চাকরির জন্য নিয়োগ পেতে প্রস্তুত।** আপনি যদি অপ্রাপ্তবয়স্ক হন, আপনার অভিভাবক বা আপনার অভ্যর্থনা কেন্দ্রের একজন কর্মীকে আপনার সাথে কর্মসংস্থান কেন্দ্রে যেতে হবে। |

## আপনার কর্মসংস্থান কেন্দ্রে (সিপিআই)যে নথিগুলি আনতে হবে

- আপনার **ফিসকাল কোড**
- আপনার permesso di soggiorno (আবাসিক অনুমতি)
- অভিভাবকত্বের বিজ্ঞপ্তি এবং **আপনার অভিভাবক নিয়োগ**
- কর্মসংস্থান কেন্দ্রে আপনাকে নিবন্ধন করার জন্য **আপনার অভিভাবকের অনুমোদন**
- সাথে থাকা অপারেটরের প্রতি অভিভাবকের প্রতিনিধি



# 6. পেশাগত উদ্দেশ্য

**চাকরিতে সফল নিয়োগ প্রাপ্তির জন্য আপনার পেশাগত উদ্দেশ্য নির্ধারণ করা গুরুত্বপূর্ণ!**




আপনার পেশাগত উদ্দেশ্য হল আপনার পেশাগত আকাঙ্খা এবং উচ্চাকাঙ্ক্ষার সমন্বয়... এটি হলো আপনি বড় হয়ে কী করতে চান! এটি একেবারে শুরুতে সংজ্ঞায়িত করা গুরুত্বপূর্ণ:

- **এটি আপনাকে আপনার পেশাদার এবং ব্যক্তিগত ভবিষ্যতের জন্য আপনার পথ নির্ধারণ** করতে সহায়তা করবে;
- **আপনার লক্ষ্য অর্জনের লক্ষ্যে একটি প্রশিক্ষণ পথের পরিকল্পনা** করার জন্য এটি গুরুত্বপূর্ণ;
- এটি আপনার সিদ্ধান্তগুলিকে চালনা করতে সাহায্য করবে যাতে আপনি **আপনার প্রোফাইল এবং আগ্রহের অনুযায়ী সবচেয়ে উপযুক্ত চাকরি খুঁজে পেতে পারেন!**

আপনার পেশাদার উদ্দেশ্যগুলি সংজ্ঞায়িত করার জন্য **আপনি কী করতে চান সে সম্পর্কে শুধু চিন্তা করা যথেষ্ট নয়... চাকরির বাজার কী দিচ্ছে** এবং কোন খাতে চাকরির চাহিদা সবচেয়ে বেশি তা খুঁজে বের করা গুরুত্বপূর্ণ। তারপরে আপনিও ভাবতে পারেন আপনার স্বপ্নের চাকরির জন্য **আপনার কী কী দক্ষতা দরকার!**

## এখন আপনার পালা!

নিম্নে ইউনিসেফ এবং জে এ ইটালিয়ার ‘Crescere Che Impresa’ থেকে নেওয়া একটি কার্যকলাপ রয়েছে! প্রশ্নের উত্তর দেওয়ার চেষ্টা করুন এবং আপনার পেশাদারী উদ্দেশ্য সম্পর্কে বিবেচনা করুন।

### 1. আপনি কে?

আপনি কী করতে পছন্দ করেন? আপনি কিসে দক্ষ?

.......................................................................

.......................................................................

অন্যরা আপনার কী পছন্দ করে?

.......................................................................

.......................................................................

.......................................................................

### 2. সেখানে কি আছে?

আপনি কোন কাজের পরিবেশে চাকরি করতে চাইছেন?

.......................................................................

.......................................................................

আপনি কোন ভূমিকা পেতে চাইছেন?

.......................................................................

.......................................................................

.......................................................................

### 3. আপনি সেখানে কিভাবে গিয়েছেন?

এই চাকরি পেতে কী ধরনের স্কুল বা প্রশিক্ষণ প্রোগ্রাম প্রয়োজন? একটি ডিপ্লোমা? একটি বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী? একটি নির্দিষ্ট প্রশিক্ষণ প্রোগ্রাম সার্টিফিকেট?

.......................................................................

.......................................................................

আপনি কি এমন কাউকে চেনেন যিনি এই চাকরির খাতে কাজ করছেন? যদি হ্যাঁ হয়, তাহলে তার নাম লিখুন। যদি না হয়, তাহলে কল্পনা করার চেষ্টা করুন যে আপনি কীভাবে এমন কারো সাথে যোগাযোগ করতে পারেন যিনি এখানে কাজ করছেন। আপনি তাদের কাছে কী জানতে চাইবেন?

.......................................................................

.......................................................................

.......................................................................

.......................................................................

.......................................................................

.......................................................................

এই কাজটি করার জন্য আপনাকে কী কী দক্ষতা তৈরি করতে হবে?

.......................................................................

.......................................................................

.......................................................................

# 7. দক্ষতার মূল্যায়ন

**একটি পেশাদার উদ্দেশ্য বেঁছে নিতে সাহায্য করার জন্য, আপনার ব্যক্তিগত বৈশিষ্ট্য এবং দক্ষতা সম্পর্কে চিন্তা করুন।**




**দক্ষতা** হল আপনার সমস্ত ব্যক্তিগত বৈশিষ্ট্যসমূহ যা প্রাসঙ্গিক প্রশিক্ষণের উপায় বেছে নেওয়া এবং গবেষণা করার সময় আপনার জন্য সবচেয়ে উপযুক্ত:

- আপনার ধারণক্ষমতা এবং সামর্থ্য অনুযায়ী **আপনি যা কিছু করতে পারেন**;
- আপনি **যেসব কার্যকলাপে অংশগ্রহণ করেছেন,** আপনার **ব্যক্তিগত অভিজ্ঞতা সমূহ**;
- আপনার **আগ্রহ** এবং **আবেগসমূহ**!

দক্ষতা বিভিন্ন উপায়ে শ্রেণীবদ্ধ করা যেতে পারে। এখানে প্রধান কয়েক ধরনের দক্ষতার উদাহরণ দেওয়া হল:

**কার্যকরী দক্ষতাসমূহ**

## ভিত্তিগত দক্ষতাসমূহ

এগুলি হল মৌলিক দক্ষতা, স্বতন্ত্র সাক্ষরতার জন্য অপরিহার্য:

- লেখা
- পড়া
- গণনা

**প্রযুক্তিগত দক্ষতাসমূহ**

## কঠোর দক্ষতাসমূহ

এই দক্ষতাগুলি শিক্ষাগত পটভূমি এবং নির্দিষ্ট কাজের সাথে যুক্ত দক্ষতার উপর নির্ভর করে:


- তাত্ত্বিক জ্ঞান (যেমন অর্থনীতিতে, আর্থিক সংস্থানসমূহে...)
- রান্নাবান্না
- প্লাম্বিং
- বিদেশী ভাষাসমূহ
- বিশেষ যন্ত্রসমূহ পরিচালনা করা...

| ডিজিটাল দক্ষতাসমূহ | ট্রান্সভার্সাল দক্ষতা |
|---|---|
| **ডিজিটাল দক্ষতাসমূহ**<br><br>সমাজিক প্রযুক্তির তথ্যের সাথে সম্পর্কিত দক্ষতাসমূহ:<br><br>• পিসি ব্যবহার করা<br>• ডিজিটাল কনটেন্ট তৈরি করা<br>• সফটওয়্যার উন্নয়ন<br>• সামাজিক মাধ্যম ব্যবহার করা<br>• অনলাইনে তথ্য খোঁজা... | **নমনীয় (মানবিক) দক্ষতাসমূহ**<br><br>একবিংশ শতাব্দীর বা জীবন দক্ষতা হিসাবেও পরিচিত, এইগুলি হলো সামাজিক-আবেগিক দক্ষতা যা যেকোনো কাজের ক্ষেত্রে প্রযোজ্য:<br><br>• দলবদ্ধ কাজ<br>• সমস্যা সমাধান<br>• সিদ্ধান্ত গ্রহণ<br>• যোগাযোগ<br>• স্ব-উদ্যোগ প্রদর্শন<br>• সৃজনশীলতা এবং উদ্ভাবন<br>• সমালোচনামূলক চিন্তাভাবনা<br>• মানসিক চাপ ব্যবস্থাপনা<br>• সহানুভূতি... |

## একটি পেশাদার উদ্দেশ্য সংজ্ঞায়িত করার জন্য এবং একটি প্রশিক্ষণের পথ বেছে নেওয়ার জন্য আপনার দক্ষতা মূল্যায়ন করা গুরুত্বপূর্ণ।

আপনার দক্ষতার মূল্যায়ন **আপনি কি করতে পারেন এবং কি করতে পারেন না (এখনও)** এবং আপনার ক্ষমতা এবং যোগ্যতা সম্পর্কে সচেতন করে তোলে। এটা যেসব কারণে গুরুত্বপূর্ণ:

- আপনার সমস্ত **প্রাক-বিদ্যমান দক্ষতা** যাচাই করা (যেগুলি আপনার ইতিমধ্যে ছিল);
- **আপনি সবচেয়ে ভাল কী করেন** তা বোঝা;
- **আপনাকে উন্নত করতে হবে এমন দক্ষতা** সনাক্ত করা।



মনে রাখবেন যে একটি **বাস্তবসম্মত মূল্যায়ন** করার অর্থ হলো একটি সমালোচনামূলক উপায়ে কাজটির কাছে যাওয়া। তাদের ইতিবাচক এবং নেতিবাচক উভয় দিক রয়েছে তা মনে রাখার সময় আপনার দক্ষতা সম্পর্কে চিন্তা করুন।

## এখন আপনার পালা!

নিম্নে ইউনিসেফ (UNICEF) এবং JA Italia-এর 'Crescere Che Impresa' থেকে নেওয়া একটি কার্যকলাপ রয়েছে! প্রতি UPSHIFT' উপায়। এই 10টি প্রশ্নের উত্তর দেওয়ার চেষ্টা করুন... আপনার উত্তরের উপর ভিত্তি করে আপনার ব্যক্তিগত পেশাদার প্রোফাইল তৈরি করা হবে।

# আপনার বর্ণ কী?

## এই পরীক্ষা নিজেকে আরও ভালভাবে জানতে সাহায্য করবে।

1. **আপনি কীভাবে সিদ্ধান্ত গ্রহণ করেন?**
   - **A.** আমি দ্রুত সিদ্ধান্ত নেই এবং আমার প্রথম পছন্দকে বিশ্বাস করি
   - **B.** আমি অতিরিক্ত চিন্তা করি এবং আমি অত্যন্ত সিদ্ধান্তহীন
   - **C.** অন্য লোকেরা আমার পছন্দ সম্পর্কে কী ভাবতে পারে তা নিয়ে আমি চিন্তা করি
   - **D.** আমি এটিকে গুরুত্ব সহকারে নেই এবং সম্ভাব্য সর্বোত্তম সিদ্ধান্ত নেওয়ার চেষ্টা করি

2. **আপনাকে আপনার বন্ধুদের ভালবাসা দেখানোর সেরা উপায় কি?**
   - **A.** আমার সাথে মজা করে এবং খেলাধূলা করে
   - **B.** নিজের মনের কথা বলা এবং নিজের মতো হতে পারা
   - **C.** একসাথে যা কিছু করে সময় কাটানো
   - **D.** কথা দিয়ে কথা রাখা এবং কখনোই ওয়াদা ভঙ্গ না করা

3. **আপনি যখন আপনার বন্ধুদের সাথে থাকেন তখন আপনি কেমন আচরণ করেন?**
   A. আমি আবেগ, সুখ ও আনন্দ ভাগাভাগি করি
   B. আমি সৎ পরামর্শ দেই
   C. আমি যত্ন নেই এবং তাদের দেখাশোনা করি
   D. আমি পরিকল্পনা এবং আমাদের ভ্রমণের আয়োজন করি

4. **আপনি কি করতে সবচেয়ে পছন্দ করছেন?**
   A. মজার এবং চিন্তামুক্ত জীবন কাটাচ্ছেন
   B. সর্বদা আমি যা বিশ্বাস করি তা বলি এবং করি
   C. দলে সম্প্রীতি ও ঐক্য তৈরি করে রাখি
   D. একজন দায়িত্বশীল, নির্ভরযোগ্য ব্যক্তি, অন্যদের জন্য সহায়ক হওয়া

5. **আপনি কিভাবে নিজেকে বর্ণনা করবেন?**
   A. সাহসী
   B. চিন্তাশীল
   C. সংবেদনশীল
   D. সংঘবদ্ধ

6. **আপনার বন্ধুরা যারা আপনাকে সবচেয়ে ভাল জানেন কিভাবে আপনাকে বর্ণনা করবে?**
   A. প্রতিযোগিতামূলক
   B. আত্মসংযমী
   C. বন্ধুসুলভ
   D. পরিপাটি

7. **আপনি যখন বিষণ্ণ এবং নিরাশ বোধ করেন তখন আপনি কী করেন?**
   A. আমি অভদ্র এবং রাগি হয়ে উঠি
   B. আমি কম কথা বলি এবং শান্ত থাকি
   C. আমি আমার কাছের মানুষদের সাথে কথা বলার প্রয়োজন অনুভব করি
   D. আমি কেন বিষণ্ণ তা বোঝার চেষ্টা করি এবং তা সমাধান করার উপায় খুঁজি

8. **আপনি কখন নিজের সম্পর্কে ভাল অনুভব করেন?**
   A. যখন আমি কঠিন জিনিসগুলি পরিচালনা করি
   B. যখন আমি কোন সমস্যার সমাধান করি

C. যখন আমি অন্যদের সাহায্য করি
D. যখন কেউ আমার প্রশংসা করে

**9. আপনি যখন খারাপ কিছু করেন, এর কারণ আপনি:**
A. অভদ্র
B. অহংকারী
C. এমন কেউ যে সহজেই সহকর্মীদের দ্বারা প্রভাবিত হয়
D. একজন গুন্ডা

**10. আপনার প্রশংসা করা মানুষরা আপনার সম্পর্কে কি বলবেন?**
A. আমি পছন্দের যোগ্য, স্মার্ট এবং ভাল
B. আমি চিন্তাশীল, সমস্যা সমাধান করতে এবং বৈধ সমাধানের পরামর্শ দিতে পছন্দ করি
C. আমি বন্ধুসুলভ, সবার সাথে মিলেমিশে থাকি এবং অন্যদের কাজে লাগি
D. আমি পরিপাটি, সংঘবদ্ধ, প্রস্তুত এবং আমি নির্ভুলতার সাথে আমার কাজগুলি সম্পাদন করি

## এখন আপনার উত্তরের পাশের অক্ষরগুলো দেখুন। আপনি কোন অক্ষরটি সবচেয়ে বেশি নির্বাচন করেছেন?

**A > হলুদ**
অনুরাগী: অনুপ্রেরণামূলক, সম্পর্কযুক্ত করতে সক্ষম, উদ্দীপক, স্বজ্ঞাত

**B > নীল**
যুক্তিসঙ্গত: সঠিক এবং পদ্ধতিগত, যোগ্য, আত্ম-নিয়ন্ত্রণে সক্ষম, শান্ত এবং চিন্তাশীল

**C > সবুজ**
কূটনৈতিক: একজন ভালো শ্রোতা, শান্ত এবং শান্তিপ্রিয়, সহায়ক, যিনি সম্প্রীতি এবং আত্মবিশ্বাস দেখান

**D > লাল**
উচ্চাকাঙ্ক্ষী: কর্মমুখী, ফলাফল-কেন্দ্রিক, সংকল্পবদ্ধ, দ্রুত সিদ্ধান্ত গ্রহণকারী

# ৪. কোনও চাকরির প্রস্তাবের উত্তর দেওয়া

**জীবন বৃত্তান্ত (সি ভি):** একটি নথি যা আপনার সম্পর্কে বিভিন্ন তথ্যের সারসংক্ষেপ করে এবং চাকরির পদের জন্য আবেদন করতে ব্যবহৃত হয়। আপনার সি ভি তে আপনার পড়াশোনা , যোগ্যতা, আপনি যেসকল কাজের অভিজ্ঞতা অর্জন করেছেন, আপনি যে ভাষায় কথা বলেন... এসব অন্তর্ভুক্ত রয়েছে...
তবে শুধু তাই নয়! এই নথিটি আপনি কে, আপনার পেশাগত উদ্দেশ্য , আপনার দক্ষতা , আপনার কাজের ধরন যেমন, আপনি দলগত ভাবে কাজ করতে চান না কি আপনি স্বাধীনভাবে কাজ করতে পছন্দ করেন, এছাড়াও আপনার দৈনন্দিন আগ্রহ এবং শখগুলি কী কী, আপনি দাতব্য কাজ করেন কি না এসব সম্পর্কেও কিছুটা ব্যাখ্যা করে...

**সংক্ষেপে, সি ভি হলো একটি বিজনেস কার্ডের মতো যা আপনি একজন সম্ভাব্য নিয়োগকর্তার সাথে পরিচিত হতে ব্যবহার করেন!**

আপনি যখন চাকরির জন্য আবেদন করেন, তখন আপনার সি ভি পড়েই কোন মানব সম্পদ ব্যবস্থাপক সিদ্ধান্ত নেন যে আপনার প্রোফাইল কাজের চাহিদা অনুযায়ী মিলছে কিনা। অতএব, আপনার আবেদনটি আরও পর্যালোচনা করা হবে কিনা, উদাহরণস্বরূপ একটি সাক্ষাৎকারের মাধ্যমে তা সিদ্ধান্ত নেওয়ার জন্য সাধারণত সি ভি হল তথ্যের প্রথম উৎস।
এমনকি একটি প্রতিষ্ঠান বা প্রশিক্ষণ কেন্দ্র দ্বারা আয়োজিত একটি **প্রশিক্ষণ কোর্সে** অংশগ্রহণ করার জন্য, আপনাকে প্রায়ই আপনার সিভি জমা দিতে হবে। আপনি প্রশিক্ষণ গ্রহণ করার পর, এই নথিতে আপনার সমস্ত দক্ষতা, গুণাবলী এবং অভিজ্ঞতাসমূহ অন্তর্ভুক্ত করা গুরুত্বপূর্ণ হবে।

europass

আপনার সি ভি তৈরির জন্য আপনি বেশ কয়েকটি ফরম্যাট (বিন্যাস) ব্যবহার করতে পারেন। সবচেয়ে বেশি অনুরোধ করা হয়ে থাকে ইউরোপীয় ফরম্যাটটি: EUROPASS। অনলাইনে আপনার EUROPASS সি ভি তৈরি করা শুরু করতে, এই লিঙ্কে যান: https://europa.eu/europass/it -এ ক্লিক করুন

এই সারগ্রন্থের শেষে আপনি EUROPASS **ফরম্যাটে একটি সিভির উদাহরণ পাবেন** (সংযোজন ১ দেখুন)। এই উদাহরণে, আপনি লাল রঙে লেখা নির্দেশাবলী এবং টিপস পাবেন, যা আপনাকে আপনার নিজেরটি পূরণ করতে সহায়তা করবে।
**যাইহোক, এখানে কিছু সাধারণ টিপস আছে।**



## কিছু উপদেশ...

**দৈর্ঘ্য:** সর্বোচ্চ 1-2 পৃষ্ঠা। যারা সি ভি পর্যালোচনা করেন তাদের সাধারণত বেশি সময় থাকে না: তাই এটি স্পষ্ট তবে সংক্ষিপ্ত হওয়া ভাল!

**পেশাগত উদ্দেশ্য:** সিভির শুরুতে আপনি পেশাগতভাবে যে লক্ষ্য অর্জন করতে চান তা নির্দেশ করে একটি ছোট বাক্য সন্নিবেশ করুন (এই Vademecum-এর অধ্যায় ৫ দেখুন)। এটি আপনার স্বল্পমেয়াদী বা দীর্ঘমেয়াদী লক্ষ্য হতে পারে। এটি অন্তর্ভুক্ত করার প্রয়োজন নেই, তবে যে ব্যক্তি এটি পড়ছেন তিনি বুঝতে পারবেন যে আপনি এটি সম্পর্কে চিন্তা করার জন্য সময় নিয়েছেন এবং আপনার স্পষ্ট লক্ষ্য রয়েছে।

**উদাহরণ:**
রান্না সম্পর্কে উত্সাহী, আমি আন্তর্জাতিকভাবে প্রশংসিত রন্ধনশিল্পী হওয়ার জন্য প্রয়োজনীয় অভিজ্ঞতা এবং দক্ষতাসমূহ বিকাশ করতে চাই।

আপনি যদি এখনও আপনার পেশাদার লক্ষ্য সম্পর্কে পরিষ্কার না হন তবে চিন্তা করবেন না। আপনি আপনার ব্যক্তিত্ব বা পরিবেশ সম্পর্কে বর্ণনা করতে পারেন যেখানে আপনি কাজ করতে চান।

**এখানে দুটি উদাহরণ আছে:**

1. আমি একটি গতিশীল, বহুসাংস্কৃতিক দলে কাজ করতে চাই। বিভিন্ন ব্যক্তিত্বের সাথে ভাববিনিময় করে আমাকে আমার কর্মজীবনের দিকে আমার পথ খুঁজে পেতে সাহায্য করবে যা শুধু একটি পেশাদার স্তরেই নয় বরং মানুষ হিসেবেও আমাকে বেড়ে উঠতে সহায়তা করবে।
2. **আমি একজন সৃজনশীল ব্যক্তি এবং আমাকে আমার ধারনাগুলি প্রকাশ করতে হবে!**
   **আমি এমন একটি কোম্পানিতে কাজ করতে চাই যেটি বৈচিত্র্যকে শক্তি হিসেবে মূল্য দেয় এবং উদ্ভাবনী ধারণার জন্য উন্মুক্ত।**

**দক্ষতাসমূহ:** আপনার দক্ষতার উপর জোর দেওয়ার চেষ্টা করুন যদিও আপনার খুব বেশি কাজের অভিজ্ঞতা না থাকে আপনি যদি এটি সম্পর্কে চিন্তা করেন, আপনার এমন অনেক দক্ষতা রয়েছে যা আপনি প্রয়োগ করতে পারেন! উদাহরণস্বরূপ, আপনার মাইগ্রেশনের প্রেক্ষাপট রয়েছে, আপনি বেশ কয়েকটি ভাষা এবং একাধিক সংস্কৃতি সম্পর্কে জানেন যা অনেক দক্ষতাসমূহের উৎস:

- সহনশীলতা
- নমনীয়তা
- সহানুভূতি
- অভিযোজন-প্রবণতা
- স্বাধীনতা
- মধ্যস্থতার দক্ষতা

**সর্বশেষ অনুসন্ধান:** সবকিছু স্পষ্ট আছে কিনা তা নিশ্চিত করতে একজন তৃতীয় ব্যক্তিকে (আপনার অভিভাবক, আপনার অভ্যর্থনা কেন্দ্রের একজন কর্মী সদস্য বা আপনার একজন বন্ধু) আপনার সি ভি পর্যালোচনা করতে দিন।

## কাভার লেটার:

কখনও কখনও, আপনার আবেদনের সাথে সি ভি ছাড়াও, একটি কাভার লেটার সংযুক্ত করতে বলা হতে পারে। কাভার লেটারটি নিয়োগকর্তাকে ব্যাখ্যা করে যে কেন তাদের সমস্ত আবেদনকারীদের থেকে আপনাকে বেছে নেওয়া উচিত। এই কারণে, আপনাকে কাজের জন্য আদর্শ ব্যক্তি করে তোলে এমন প্রেরণা, লক্ষ্য এবং গুণাবলী স্পষ্টভাবে লিখতে হবে।

## সাক্ষাৎকার:

আপনার আবেদন নির্বাচন করা হলে, আপনাকে একটি চাকরির ইন্টারভিউতে যোগ দিতে বলা হবে, যেটি একটি সাক্ষাৎকার যেখানে আপনি আপনার সম্ভাব্য নিয়োগকর্তার সাথে আপনার দক্ষতা এবং প্রেরণা নিয়ে আলোচনা করবেন।


## প্রবেশন পিরিয়ড:

কিছু কোম্পানি আপনাকে আপনার কর্মসংস্থান নিশ্চিত করার আগে এবং আপনাকে একটি কর্মসংস্থান চুক্তিতে স্বাক্ষর করার আগে একটি প্রবেশন বা ট্রায়াল পিরিয়ডে কাজ করতে বলতে পারে। এই প্রাথমিক সময়কালে পরীক্ষায় পাস করার জন্য আপনার সমস্ত গুণাবলী প্রদর্শন করা গুরুত্বপূর্ণ। আপনার নতুন সহকর্মীদের সাথে সহযোগিতা করার চেষ্টা করুন, প্রশ্ন জিজ্ঞাসা করুন এবং প্রকাশ করুন যে আপনি নির্ভরযোগ্য এবং অনুপ্রাণিত।



# ৭. শ্রমিকদের অধিকার

প্রত্যেক শ্রমিকের কিছু অধিকার ও দায়িত্ব রয়েছে। বিদেশী কর্মীরা নির্দিষ্ট কাজের-সম্পর্কিত অধিকার পূরণের ক্ষেত্রে ইতালীয় নাগরিকদের সমান বলে বিবেচিত হয়।




**অনুগ্রহ করে মনে রাখবেন:** এই অধিকারগুলোর (যেমন ছুটি, অসুস্থতা এবং আঘাত) মধ্যে কয়েকটি কর্মী ও নিয়োগকর্তার মধ্যকার চুক্তির ওপর নির্ভর করে পরিবর্তিত হতে পারে।

| | |
|---|---|
| **পারিশ্রমিক** | আপনার অধিকার রয়েছে “**আপনার কাজের পরিমাণ এবং মানের সাথে সমানুপাতিক পরিমাণে পারিশ্রমিক গ্রহণ** এবং যে কোনও ক্ষেত্রে একটি স্বাধীন এবং শালীন অস্তিত্ব নিশ্চিত করার জন্য যথেষ্ট” (সংবিধান এর 36 ধারা)।<br><br>**অনুগ্রহ করে মনে রাখবেন:** সমান কাজের জন্য অপ্রাপ্তবয়স্কদেরকে প্রাপ্তবয়স্কদের সমান পারিশ্রমিকের নিশ্চয়তা দিতে হবে (সংবিধানের আর্টিকেল ৩৭)। |
| **পেশাগত নিরাপত্তা** | নিয়োগকর্তাকে অবশ্যই “আপনার **স্বাস্থ্য এবং মনোদৈহিক অখণ্ডতা রক্ষা করার জন্য সমস্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে”** এবং পেশাগত নিরাপত্তার বিধিগুলি মেনে চলতে হবে (ধারা 2087 সিভিল কোড)।<br><br>**অনুগ্রহ করে মনে রাখবেন:** মানসিক-শারীরিক বিকাশে বাধা দেয় এমন কার্যকলাপে (যেমন অ্যালকোহল পান করা এবং ভারী যন্ত্রপাতি বা ক্ষতিকারক পদার্থ ব্যবহার করা) অপ্রাপ্তবয়স্করা জড়িত হতে পারবে না। অপ্রাপ্তবয়স্করা দিনে একটানা ৪ ঘন্টার বেশি ওজন বহন করতে পারবে না |

## কাজের সময়

দাপ্তরিক কাজের সময় প্রতি **সপ্তাহে 40 ঘন্টা।** অতিরিক্ত ঘন্টাগুলি **ওভারটাইম** হিসাবে বিবেচিত হয় এবং আরও **বেশি অর্থ প্রদান** করা হয়। যাই হোক না কেন, সাপ্তাহিক কাজের সময়সূচী **কখনই 48 ঘন্টার বেশি হতে পারবে না** (L. 196/1997).

**অনুগ্রহ করে মনে রাখবেন:** অপ্রাপ্তবয়স্করা প্রতি সপ্তাহে ৪০ ঘন্টার বেশি কাজ করতে পারে না, অতিরিক্ত সময় কাজ করতে পারে না বা রাতে কাজ করতে পারে না।

## সাপ্তাহিক ছুটি

আপনি প্রতি **সপ্তাহে একদিন ছুটি** পাওয়ার অধিকারী, সাধারণত রবিবারে (ধারা ২০১৯ সিভিল কোড)।

**অনুগ্রহ করে মনে রাখবেন:** অপ্রাপ্তবয়স্করা সপ্তাহে কমপক্ষে দুই দিন ছুটি পাওয়ার অধিকারী, বিশেষ করে পরপর এবং রবিবারসহ।

## ছুটি, অসুস্থতা এবং আঘাত

আপনি প্রতি বছর **কমপক্ষে 4 সপ্তাহের বেতনের** ছুটি (ধারা 2109 সিভিল কোড) এবং **অসুস্থ** থাকার দিনগুলিতে অর্থ পাওয়ার অধিকারী। **আঘাতজনিত** ঘটনার ক্ষেত্রে, নিয়োগকর্তা প্রথম চার দিনের জন্য অর্থ প্রদান করেন এবং আইএনএআইএল পরবর্তী দিনগুলির জন্য অর্থ প্রদান করে (আর্টিকেল ২১১০ সিভিল কোড।)।

## শ্রমকল্যাণ সমিতির অধিকারসমূহ

শ্রমিকদের মৌলিক অধিকার রক্ষার জন্য **একটি শ্রমকল্যাণ সমিতির সংগঠনে যোগদান করার** অধিকার আপনার আছে। সমিতিটি কর্মক্ষেত্রে আপনার স্বার্থ রক্ষা করে, আপনার প্রতিনিধিত্ব করবে।

## ধর্মঘট

আপনার ধর্মঘট করার অধিকার আছে, যা **কাজ থেকে সম্মিলিত বিরতি।** এর অর্থ হল কাজের পরিস্থিতি এবং শ্রমিকদের স্বার্থ সম্পর্কে প্রদর্শন এবং সচেতনতা বাড়াতে কাজে না যাওয়া। ধর্মঘটের সময়গুলি বেতনহীন (L. 146/1990.

| | |
|---|---|
| **পড়াশুনা এবং কাজ** | আপনি যদি কাজ এবং পড়াশুনা করেন, তাহলে আপনি শিফটে কাজ করার অধিকারী যা ক্লাস এবং পরীক্ষার প্রস্তুতির সাথে সামঞ্জস্যপূর্ণ (l. 300/1970). |
| **মাতৃত্ব এবং পিতৃত্ব** | আপনি যদি গর্ভবতী হন তবে **গর্ভাবস্থার শুরু থেকে শিশুর জন্মের এক বছর পর পর্যন্ত আপনাকে চাকরি থেকে অপসারিত করা যাবে না।** আপনি মাতৃত্বকালীন ছুটির অধিকারী (কাজ থেকে বাধ্যতামূলক বিরতির একটি বেতন প্রদানের সময়কাল)। পিতামাতারা **বাচ্চাদের যত্নের জন্য ঐচ্ছিকভাবে কাজ** থেকে বিরত থাকার অধিকারী। |
| **পুরুষ ও মহিলাদের জন্য সমান আচরণ** | মহিলারা সমানভাবে শ্রমিকদের অধিকারের অধিকারী এবং **লিঙ্গের ভিত্তিতে কোন প্রকার বৈষম্য অনুমোদিত নয়** (সংবিধানের ৩৭ অনুচ্ছেদ)। |

# 10. চুক্তি ছাড়া কাজ করার ঝুঁকি

## ⚠ চুক্তি ছাড়া কাজ করার ব্যাপারে সতর্ক থাকুন!!!

এটিকে কখনও কখনও **অঘোষিত**, ভূগর্ভস্থ বা অনিয়মিত কর্মসংস্থান হিসাবেও উল্লেখ করা হয়। এটি চুক্তি ছাড়াই একটি কর্মসংস্থান সম্পর্ক, যেখানে নিয়োগকর্তা কর্মচারীর কর্মসংস্থানের বিষয়ে Centro per l'impiego-কে অবহিত করতে ব্যর্থ হয়ে থাকেন। অঘোষিত কাজ কোন সামাজিক নিরাপত্তা বা বীমার নিশ্চয়তা প্রদান করে না।

➔ এর মানে হল যে আপনি যদি **বেআইনিভাবে কাজ করেন, তাহলে আপনি যে অধিকারগুলি সম্পর্কে এইমাত্র পড়েছেন তার নিশ্চয়তা পাবেন না!**

➔ এর মানে হল যে অঘোষিত কাজ **প্রায়ই শোষণ, অধিকার লঙ্ঘন** এবং কখনও কখনও **নিজের জন্য বিপদের সমার্থক।**

এর **অবৈধ প্রকৃতির** কারণে নিয়োগকর্তা এবং কিছু ক্ষেত্রে কর্মচারীর উপরও জরিমানা আরোপ করা হয়।

**!!! যদি আপনি বিশ্বাস করেন যে আপনি একটি অবৈধ কর্মসংস্থানের চক্রে আছেন এবং এটি থেকে বেরিয়ে আসতে চান** (বা এই পরিস্থিতিতে অন্য কেউ আছে বলে জানেন), আপনার বিশ্বস্ত কারো সাথে কথা বলুন এবং কর্মী অ্যাডভোকেসি অ্যাসোসিয়েশনের সাথে যোগাযোগ করুন।

**অঘোষিত কাজ এবং শ্রম শোষণের** রিপোর্ট করতে, আপনি বিভিন্ন অফিসে যেতে পারেন, উদাহরণস্বরূপ, আপনি নিম্নলিখিত সংস্থাগুলির নিকটতম শাখার সন্ধান করতে পারেন:

- **Ispettorato del Lavoro** (শ্রম পরিদর্শক): https://www.ispettorato.gov.it/
- **La Guardia di Finanza:** https://www.gdf.gov.it/
- **একটি ট্রেড ইউনিয়ন:** উদাহরণস্বরূপ, CGIL (ইতালীয় জেনারেল কনফেডারেশন অফ লেবার), CISL (ইতালিয়ার কনফেডারেশন অব ওয়ার্কার্স ইউনিয়নস), UIL (ইতালিয়ান লেবার ইউনিয়ন) এবং UGL (জেনারেল লেবার ইউনিয়ন)।

# 11. সমান সুযোগ এবং বৈষম্যহীনতার নীতি

## আপনি অন্য দেশ থেকে এসেছেন বলেই কর্মক্ষেত্রে বা আপনার দৈনন্দিন জীবনে কেউ আপনার সাথে আলাদা আচরণ করতে পারে না।

ইতালিতে, **কর্মসংস্থানে যে কোনো ধরনের বৈষম্য নিষিদ্ধ**: বয়স, জাতীয়তা, ধর্ম, ভাষা, সেক্স, লিঙ্গ, যৌন অভিমুখীতা, অক্ষমতা, রাজনৈতিক বা ব্যক্তিগত মতামত, জাতিগত সংখ্যালঘুর সদস্যপদ, সামাজিক বা অর্থনৈতিক অবস্থা, একটি ট্রেড ইউনিয়নের সদস্যপদ বা সদস্য না হওয়া, ইত্যাদি




আপনি যদি বৈষম্যের শিকার হন বা সাক্ষী হন তবে আপনি করতে পারেন এমন বেশ কিছু জিনিস রয়েছে। প্রথমত এবং সর্বাগ্রে, **আপনি মামলাটি আদালতে নিয়ে যেতে পারেন বা আপনার অধিকার রক্ষায় কাজ করে এমন সংস্থার সাথে যোগাযোগ করতে পারেন।**

নীচে আপনি যোগাযোগ করতে পারেন এমন সকল সূত্রের তথ্য এবং পরিচিতি আছে।

ইতালিতে, বিভিন্ন জাতীয় সংস্থা রয়েছে যারা বিভিন্ন ধরনের বৈষম্যের বিরুদ্ধে মানুষকে রক্ষা করে এবং প্রয়োজনে যোগাযোগ করার জন্য টোল-ফ্রি নম্বর দেয়।

**ইউএনএআর-ইতালির জাতিগত বৈষম্য বিরোধী কার্যালয়,উফিচ্চ নাস্সিওনালে অ্যান্টিডিসক্রিমিনাস্সিওনি রাজ্জিয়ালি: www.unar.it**

জাতি বা জাতিগত উত্সের ভিত্তিতে বৈষম্য দূরীকরণ এবং সমান আচরণের অধিকার নিশ্চিত করার জন্য এটি রাষ্ট্র দ্বারা মনোনীত বিভাগ।

**800.90.10.10**

**অ্যান্টি-ভায়োলেন্স এবং স্টকিং নম্বর: www.1522.eu**

এটি একটি বিনামূল্যের পরিষেবা যা দিনে 24 ঘন্টা উপলভ্য বিশেষ অপারেটরগুলি প্রদান করে যারা সহিংসতা এবং স্টকিং এর শিকার ব্যক্তিদের সাহায্য এবং সমর্থনের জন্য অনুরোধগুলি পরিচালনা করে।

**1522**

**Telefono Azzurro: www.azzurro.it**

এই সংস্থা শিশু এবং কিশোর-কিশোরীদের অধিকারের প্রচার করে এবং তাদের অপব্যবহার এবং সহিংসতা থেকে রক্ষা করে যা তাদের সুস্থতা ও বিকাশকে ব্যাহত করতে পারে।

**1.96.96**

**ইতালির শিশু ও কিশোর সুরক্ষা কর্তৃপক্ষ, Autorità garante dell'infanzia e dell'adolescenza: www.garanteinfanzia.org**

এই সংস্থাটি ইতালিতে 1989 সালের শিশু অধিকার সংক্রান্ত জাতিসংঘ কনভেনশন দ্বারা প্রদত্ত শিশুদের অধিকারের সম্পূর্ণ বাস্তবায়ন প্রচার করে এবং যাচাই করে।

# আপনার কি একজন বিশেষজ্ঞের সাথে কথা বলতে হবে? HERE4U এ যোগাযোগ করুন!

HERE4U ASCOLTO E SUPPORTO

***Here4U*** সঙ্গীহীন প্রবাসী নাবালক এবং তরুণ অভিবাসী এবং উদ্বাস্তুদের **আইনি এবং মানসিক-সামাজিক পরামর্শ** প্রদান করে। এটি ARCI -এর সহযোগিতায় UNICEF দ্বারা U-Report on the Move **প্ল্যাটফর্মের** মাধ্যমে পরিচালিত হয়।

- এটি একটি **অনলাইন, বহুভাষিক পরিষেবা।**
- এখানে **সোমবার থেকে শুক্রবার সকাল 9:00 টা থেকে সন্ধ্যা 6:00 টা** পর্যন্ত যোগাযোগ করা যাবে
- ফেসবুক মেসেঞ্জার, হোয়াটসঅ্যাপ, টেলিগ্রাম অ্যাপের মাধ্যমে U-Report On The Move পেজে বার্তা পাঠান

এটি একটি নিরাপদ **শেয়ার করার জায়গা** যেখানে আপনি **আপনার অসুবিধা এবং চিন্তা শেয়ার করতে পারেন** এবং সাহায্য চাইতে পারেন। আইনি এবং মনো-সামাজিক বিশেষজ্ঞদের একটি দল ভাষাগত-সাংস্কৃতিক মধ্যস্থতাকারীদের সাহায্যে আপনার প্রয়োজন অনুযায়ী ব্যক্তিগতকৃত সহায়তা প্রদানের মাধ্যমে আপনাকে সাহায্য করবে।

**U-Report On The Move:** https://onthemove.ureport.in/join/

# 12. আরও তথ্যের জন্য ওয়েবসাইট

- **Ministero del Lavoro e delle Politiche Sociali** (শ্রম ও সামাজিক নীতি মন্ত্রণালয়): http://www.lavoro.gov.it/
- **Clic Lavoro**, একটি সাইট যা Ministero del Lavoro e delle Politiche Sociali দ্বারা সমর্থিত যেখানে আপনি কাজ এবং প্রশিক্ষণ কোর্স সম্পর্কে খবর এবং দরকারী তথ্য পেতে পারেন: https://www.cliclavoro.gov.it/
- **Scuola in Chiaro**, শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইট, আপনাকে CPIAs এবং Centri di Formazione Professionale (বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্রগুলি) সহ আপনার নিকটতম স্কুলগুলি অনুসন্ধান করার অনুমতি দেয়: https://cercalatuascuola.istruzione.it/cercalatuascuola/
- **শ্রম ও সামাজিক নীতি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আন্তর্জাতিক বা অস্থায়ী সুরক্ষার সুবিধাভোগীদের জন্য বিশ্ববিদ্যালয় বৃত্তির তালিকা**: https://integrazionemigranti.gov.it/it-it/Dettaglio-approfondimento/id/36/Borse-di-studio-universitarie-per-beneficiari-di-protezione-internazionale-o-temporanea
- **শ্রম ও সামাজিক নীতি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে চেরকা স্পোর্তেল্**: https://servizi.lavoro.gov.it/cerca-sportello/
- **Informagiovani + আপনি যেখানে বাস করেন সেই শহরের নাম**: Informagiovani ওয়েবসাইটে আপনি আপনার শহরে প্রশিক্ষণ, কাজ, স্বেচ্ছাসেবী হিসেবে কাজ করার সুযোগ এবং অবসর ক্রিয়াকলাপ সম্পর্কে তথ্য পাবেন
- **Integrazione Migranti** পোর্টাল: https://integrazionemigranti.gov.it/it-it/
- **Excelsior**, কর্মসংস্থান এবং ইতালীয় ইউনিয়ন অফ চেম্বারস অফ কমার্স এবং ANPAL দ্বারা বিতরণ করা তথ্যের জন্য একটি তথ্য ব্যবস্থা। এখানে আপনি সবচেয়ে বেশি চাহিদা থাকা পেশা এবং যেসব শিল্পে কর্মীদের খুঁজে পেতে সবচেয়ে বেশি সমস্যা হচ্ছে সে সম্পর্কে আপ-টু-ডেট তথ্য খুঁজে পেতে পারেন: https://excelsior.unioncamere.net/

- **INAIL**, Istituto Nazionale Assicurazione Infortuni sul Lavoro (কর্মক্ষেত্রে দুর্ঘটনার বিরুদ্ধে বীমার জন্য ইতালির ইনস্টিটিউট): www.inail.it
- **INPS**, Istituto Nazionale Previdenza Sociale (ইতালির সামাজিক নিরাপত্তা ইনস্টিটিউট)। "হোম" ➔ "ক্যাটাগরি di Utenza " ➔ " Lavoratori migranti " এ যান। আপনি আপনার অধিকার এবং সামাজিক নিরাপত্তা এবং বীমা সম্পর্কে তথ্য পেতে পারেন: www.inps.it
- **Ispettorato del Lavoro** (শ্রম পরিদর্শক): https://www.ispettorato.gov.it/
- **জুমা ম্যাপ**, আশ্রয়প্রার্থী এবং আন্তর্জাতিক সুরক্ষা ধারকদের জন্য পরিষেবাগুলির একটি দেশব্যাপী ম্যাপিং, 15টি ভাষায় পাওয়া যাবে: https://www.jumamap.it/
- **U-Report on the Move**: একটি বেনামী এবং বিনামূল্যের মেসেজিং টুল (ফেসবুক, ইনস্টাগ্রাম এবং টেলিগ্রামে) যা ইতালিতে অবিবাহিত প্রবাসী নাবালক এবং তরুণ অভিবাসী এবং উদ্বাস্তুদের জন্য দরকারী পরিষেবাগুলিতে বহু-ভাষিক তথ্য সরবরাহ করে। এটি আপনাকে সমীক্ষার মাধ্যমে আপনার মতামত প্রকাশ করতে এবং ইভেন্ট এবং সামাজিক-বিনোদনমূলক কার্যকলাপে অংশগ্রহণ করার অনুমতি দেয়: https://onthemove.ureport.in/

# পরিশিষ্ট ১
# “ইউরোপাস” জীবনবৃত্তান্ত

europass

## ইউরোপাস জীবন বৃত্তান্ত কীভাবে পূরণ করতে হবে

| | |
|---|---|
| **কাজের ইতিহাস** | • যেসব পদ আপনার আবেদনপত্রকে আকর্ষণীয় করে তুলবে সেসবের উপর জোর দিন।<br>• প্রত্যেক পদের জন্য আলাদা ঘর ব্যবহার করুন। সাম্প্রতিকতম কাজ দিয়ে শুরু করুন।<br>• আপনার পেশাগত অভিজ্ঞতা যদি কম থাকে :<br>• আপনার শিক্ষা এবং পেশাগত প্রশিক্ষণের তালিকা দিয়ে শুরু করুন;<br>• আপনার কাজের অভিজ্ঞতার প্রমাণ দেবে এমন স্বেচ্ছাসেবী বা শিক্ষানবিশ কাজ (বৈতনিক বা অবৈতনিক যা-ই হোক) উল্লেখ করুন।<br>• যে পদের জন্য আবেদন করছেন সে পদে আপনার কোনো পূর্ব অভিজ্ঞতা না থাকলে অন্যান্য ক্ষেত্রে আপনি যেসকল প্রাসঙ্গিক দক্ষতা অর্জন করেছেন সেগুলোর ওপর জোর দিন। উদাহরণস্বরূপ, আপনি ব্যবস্থাপক পদে আবেদন করছেন তবে এর আগে কখনও ব্যবস্থাপক হিসেবে কাজ করেননি, তাহলে পূর্বে আপনি যেসব গুরুত্বপূর্ণ ও সিদ্ধান্তগ্রহণমূলক দায়িত্ব (প্রতিনিধিত্ব, সমন্বয়, কর্মী প্রশিক্ষণ ইত্যাদি) পালন করেছেন সেগুলো তুলে ধরুন। |
| তারিখ দ্বারা প্রতিস্থাপন করুন (থেকে-হতে)<br>উদাহরণ:<br>সেপ্টেম্বর ২০০৭ – আজ | পেশা বা পদ দ্বারা প্রতিস্থাপন করুন<br>উদাহরণ:<br>মেইন্টেনেন্স টেকনিশিয়ান/ রিসেপশনিস্ট/ আইস হকি ভলান্টিয়ার কোচ<br>চাকরিদাতার নাম এবং স্থান দ্বারা প্রতিস্থাপন করুন (প্রাসঙ্গিক ক্ষেত্রে পূর্ণ ঠিকানা এবং ওয়েবসাইট) |

উদাহরণ:
Alma Mater Studiorum, Via Zamboni 37, 40126 Bologna
প্রয়োজন হলেই কেবলমাত্র টেলিফোন, ফ্যাক্স, ইমেইল অথবা ইন্টারনেট অ্যাড্রেস দিন।
Tel.: +39 339 372 5000 - Email: info@almamater.com - http://www.almamater.com

মূল কাজ এবং দায়িত্ব দ্বারা প্রতিস্থাপন করুন
উদাহরণ:
- কম্পিউটার রক্ষণাবেক্ষণ
- সরবরাহকারীদের সাথে সম্পর্ক
- জুনিয়র আইস হকি দলের কোচ (সপ্তাহে ১০ ঘণ্টা)

প্রয়োজন হলে আপনার দায়িত্বগুলো সংখ্যায় ব্যক্ত করুন (কর্মঘন্টার শতকরা হার, প্রত্যকটা কাজের সময়ব্যাপ্তি ইত্যাদি)।
কাজের ধরণ অথবা সেক্টর: প্রতিষ্ঠান বা সেক্টর দ্বারা প্রতিস্থাপন করুন
শুধুমাত্র প্রয়োজন হলে এই জায়গাটি ব্যবহার করুন।
উদাহরণ:
কোম্পানি বা সেক্টর: পরিবহন এবং লজিস্টিক / অডিটিং / মোটর গাড়ির যন্ত্রাংশ প্রস্তুতকারক

---

## শিক্ষা ও প্রশিক্ষণ

তারিখ দ্বারা প্রতিস্থাপন করুন (থেকে-হতে)
উদাহরণ:
সেপ্টেম্বর ২০০৪ - জুন ২০০৭

প্রতিটা কোর্স আলাদা করে লিখুন। সাম্প্রতিকতম দিয়ে শুরু করুন।
তারিখ দ্বারা প্রতিস্থাপন করুন (থেকে-হতে)। অর্জিত যোগ্যতা দিয়ে প্রতিস্থাপন করুন
প্রফেশনাল অপারেটর সনদ: বেকার (Baker)
অ্যাক্রনিম ব্যবহার করা থেকে বিরত থাকুন (AQOP).
শিক্ষাকেন্দ্র বা প্রশিক্ষণ কেন্দ্রের নাম ও স্থান দ্বারা প্রতিস্থাপন করুন (প্রাসঙ্গিক হলে দেশও উল্লেখ করুন)
উদাহরণ:
Centro di Formazione Professionale Guglielmo Marconi, Bologna

যেসকল মূল বিষয় পড়েছেন বা অর্জিত দক্ষতাগুলোর তালিকা দিয়ে প্রতিস্থাপন করুন।

উদাহরণ:
**সাধারণ**
- ইংরেজি, ওয়েলশ, গণিত, স্প্যানিশ
- শারীরিক শিক্ষা

**পেশাগত**
- পেশাগত দক্ষতা (সাধারণ রুটি, বিশেষ রুটি, কেক ও ডেজার্ট তৈরি)
- ফলিত খাদ্য বিজ্ঞান ও প্রযুক্তি (মাইক্রোবায়োলজি, বায়োকেমিস্ট্রি, হাইজিন)

পেশাগত প্রযুক্তি (মৌলিক নীতি, স্বাস্থ্যবিধি এবং নিরাপত্তা)
- সেক্টর এবং এর আর্থিক, আইনি এবং সামাজিক প্রেক্ষাপট সম্পর্কে জ্ঞান

নিয়োগ পেতে হলে প্রতিষ্ঠানের কাজে আসবে এমন পেশাগত দক্ষতার ওপর আলোকপাত করুন

---

**ব্যক্তিগত দক্ষতা**

কোনো ঘর খালি থাকলে মুছে ফেলুন।

মাতৃভাষা

মাতৃভাষা দ্বারা প্রতিস্থাপন করুন
উদাহরণ :
ইতালিয়ান
যেসকল ভাষা দক্ষতা পরীক্ষা নেওয়া হবে সেগুলোর ভাষাগত দক্ষতা বাড়িয়ে লিখবেন না!

---

অন্যান্য ভাষাসমূহ

বোঝার ক্ষমতা - কথা বলা - লেখা
শোনা - পড়া - যোগাযোগ করা - বলা

ভাষাটি প্রতিস্থাপন করুন
উদাহরণ:
ইংরেজি

উদাহরণ:
C1
উদাহরণ:
B2:

অর্জিত ভাষা দক্ষতা সনদ দ্বারা প্রতিস্থাপন করুন। জানা থাকলে স্তর উল্লেখ করুন।
উদাহরণ:
Certificado de Español: Lengua y Uso

Levels:A1/2: Beginner - B1/2 Intermediate- C1/2 Advanced
ভাষার জন্য রেফারেন্সের সাধারণ ইউরোপীয় ফ্রেমওয়ার্ক

আপনার ব্যক্তিগত দক্ষতা বর্ণনা করার সময়:

- পরিষ্কার, সহজ শব্দসহ সোজাসাপ্টা ভাষা ব্যবহার করুন।
- প্রেক্ষাপট স্পষ্ট না করে: পরিভাষা ও প্রবচন এড়িয়ে চলুন (উদাহরণস্বরূপ : আমি একজন দলগত কর্মী)।
- সংক্ষিপ্ত রাখুন : যে পদে আবেদন করছেন সে পদের জন্য কোন দক্ষতাগুলো প্রাসঙ্গিক হবে সে বিষয়ে চিন্তা করুন)
- আপনি কীভাবে দক্ষতা অর্জন করেছেন তা উল্লেখ করুন (প্রশিক্ষণ, কাজ, সেমিনার, স্বেচ্ছাসেবা বা অবসর সময়ের কার্জক্রম ইত্যাদির মাধ্যমে)

---

যোগাযোগ দক্ষতা

এখানে আপনার যোগাযোগ দক্ষতা লিখুন। কোন প্রসঙ্গে এগুলো অর্জন করেছিলেন তা উল্লেখ করুন।

উদাহরণ:

- বিক্রয় প্রধান হিসেবে কর্মরত থাকা অবস্থায় আমি ভালো যোগাযোগ দক্ষতা অর্জন করেছি
- আইস হকি কোচ হিসাবে স্বেচ্ছাসেবী কাজের অভিজ্ঞতার মাধ্যমে শিশুদের সঙ্গে চমৎকার আন্তঃব্যক্তিক দক্ষতা অর্জন

---

ব্যবস্থাপনা ও সাংগঠনিক দক্ষতা

এখানে আপনার ব্যবস্থাপনা ও সাংগঠনিক দক্ষতা লিখুন। কোন প্রসঙ্গে এগুলো অর্জন করেছিলেন তা উল্লেখ করুন।

উদাহরণ :

- লিডারশীপ (বর্তমানে ১০ জনের একটি দলের দায়িত্বে আছি)
- হিস্টোরি সোসাইটি-র সচিব হিসেবে কর্মরত অবস্থায় ভালো সাংগঠনিক দক্ষতা অর্জন। বক্তাদের বুক করা এবং কর্মসূচির প্রচারণার দায়িত্ব
- স্বেচ্ছাসেবী আইস হকি কোচ হিসেবে দায়িত্ব পালনের সময় দলকে নেতৃত্ব দেওয়ার ভালো দক্ষতা

---

পেশাগত দক্ষতা

অন্য কোনোখানে উল্লেখিত হয়নি এমন পেশাগত দক্ষতাগুলো লিখুন। কোন কোন প্রসঙ্গেএগুলি অর্জন করা হয়েছিল তা উল্লেখ করুন।

উদাহরণ:

- মান-সংরক্ষণ প্রক্রিয়ার ভালো দক্ষতা (বর্তমানে মান-সংরক্ষণের দায়িত্বে আছি)
- মেনটরিং দক্ষতা (একজন সিনিয়র নার্স হিসেবে আমি নার্সিং স্টাফের নতুন কর্মীদের প্রশিক্ষণ ও সংগঠিত করার দায়িত্বে ছিলাম)

কম্পিউটার দক্ষতা

স্ব-মূল্যায়ন

তথ্য প্রক্রিয়াকরণ
উদাহরণ:
প্রাথমিক ব্যবহারকারী

যোগাযোগ
উদাহরণ :
মাঝারি মাত্রার ব্যবহারকারী

কনটেন্ট তৈরি
উদাহরণ:
মাঝারি মাত্রার ব্যবহারকারী

নিরাপত্তা
উদাহরণ:
উচ্চ-মাত্রার ব্যবহারকারী

সমস্যা সমাধান
উদাহরণ:
উচ্চ-মাত্রার ব্যবহারকারী

স্তরসমূহ : প্রাথমিক ব্যবহারকারী - মাঝারি মাত্রার ব্যবহারকারী - উচ্চ-মাত্রার ব্যবহারকারী
কম্পিউটার দক্ষতা - স্ব-মূল্যায়ন শীট

আপনার আইসিটি সনদের নাম লিখুন।
উদাহরণ:
সনদের অবস্থা: অফিস স্যুট – স্বাধীন ব্যবহারকারী

অন্যান্য কম্পিউটার দক্ষতাগুলো এখানে লিখুন। কোন প্রসঙ্গে এগুলো অর্জন করেছিলেন তা উল্লেখ করুন।

উদাহরণ:
- অফিস স্যুটের ভালো দক্ষতা (ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডশীট, প্রেজেন্টেশন সফটওয়্যার)
- একজন অপেশাদার ফটোগ্রাফার হিসেবে ডিজিটাল ছবি সম্পাদনায় ভালো দক্ষতা

| | |
|---|---|
| অন্যান্য দক্ষতা | অন্যান্য যে-কোনো প্রাসঙ্গিক দক্ষতাগুলো এখানে লিখুন। কোন প্রসঙ্গে এগুলো অর্জন করেছিলেন তা উল্লেখ করুন।<br>আপনার আবেদনপত্রকে আরও আকর্ষণীয় করতে এবং ওপরে কোথাও উল্লেখিত না হলেই কেবলমাত্র এই দক্ষতাগুলো লিখুন। কোন প্রসঙ্গে এগুলো অর্জন করেছিলেন তা উল্লেখ করুন।<br>উদাহরণ:<br>• প্রাথমিক চিকিৎসা : আমার স্কুবা-ডাইভিং প্রশিক্ষণের অংশ হিসাবে<br>ব্যক্তিগত শখ যেমন বই পড়া, হাঁটা, হলে সিনেমা দেখা ইত্যাদি আপনার আবেদনপত্রকে আরও আকর্ষণীয় করে না। অন্যদিকে, আপনি যে ক্রিয়াকলাপগুলোতে অংশগ্রহণ করেছেন সেগুলোর উদাহরণ প্রদান উপকারী হতে পারে, যেমন এটা দেখানোর জন্য যে আপনি একজন সক্রিয়, সামাজিক ব্যক্তি যিনি অন্যদের সাহায্য করতে পছন্দ করেন:<br>• পড়া: উৎসাহী পাঠক, সপ্তাহে দুবার আমি তরুণ শিক্ষার্থীদেরকে বই পড়া বিষয়ে সাহায্য করি<br>• পাহাড়ে ওঠা: দক্ষ পর্বতারোহী, স্থানীয় পর্বতারোহী ক্লাবের একজন সদস্য |
| ড্রাইভিং লাইসেন্স | এখানে ড্রাইভিং লাইসেন্সের ধরন লিখুন।<br>উদাহরণ:<br>খ |

# পরিশিষ্ট ২
# এখন আপনার পালা!

আপনি এই সারগ্রন্ থেকে কতটা শিখেছেন তা বুঝতে এই প্রশ্নমালাটি সম্পন্ন করুন। আপনি শেষে ঠিক উত্তরগুলো পাবেন।

| প্রশ্ন | উত্তর |
|---|---|
| 1. পেশাদার পরিচিতি কেন সহায়ক?<br>**এক বা একাধিক উত্তর নির্বাচন করুন।** | ☐ a. এটি আমাকে আমার জ্ঞান মূল্যায়ন করতে এবং নতুন দক্ষতা শিখতে সাহায্য করে যা আমাকে কাজ খুঁজে পেতে সাহায্য করবে<br>☐ b. যদি আমি আগে থেকেই জানি যে আমি কোন কাজ করতে চাই তাহলে এর প্রয়োজন নেই<br>☐ c. এটি আমাকে বিভিন্ন প্রশিক্ষণের পথের মাধ্যমে গাইড করে যা আমাকে কাজের জগতে অ্যাক্সেস করতে সাহায্য করতে পারে<br>☐ d. এটি আমাকে একটি পেশাদার উদ্দেশ্য সম্পর্কে সিদ্ধান্ত নিতে এবং আমি কীভাবে এটি অর্জন করতে পারি তা বুঝতে সাহায্য করে |
| 2. ইতালিতে শিক্ষা একটি অধিকার কিন্তু একটি কর্তব্যও বটে। | ☐ a. সত্য<br>☐ b. মিথ্যা |
| 3. ইতালিতে কাজ শুরু করার জন্য ন্যূনতম আইনি বয়স কত? | ☐ a. 14 বছর<br>☐ b. 15 বছর<br>☐ c. 16 বছর<br>☐ d. 18 বছর |
| 4. আপনি যদি তিন বছরের Istruzione e Formazione Professionale বা IeFP (ভোকেশনাল এডুকেশন অ্যান্ড ট্রেনিং পাথওয়ে) সম্পূর্ণ করতে বেছে নেন, তাহলে আপনি কী যোগ্যতা অর্জন করবেন? | ☐ a. Qualifica professionale<br>☐ b. Diploma professionale |
| 5. একটি ইন্টার্নশিপ হল “এক্সট্রা-কারিকুলার” যখন এটি অধ্যয়নের কোর্স শেষ হওয়ার পরে হয়। | ☐ a. সত্য<br>☐ b. মিথ্যা |

| | |
|---|---|
| 6. যখন আপনি একটি borsa lavoro ("কাজের বৃত্ত") পুরস্কৃত হন, তখন আপনি কাজের অভিজ্ঞতার অ্যাক্সেস পান এবং আপনাকে অর্থ প্রদান করা হয়: | ☐ a. কোম্পানির দ্বারা<br>☐ b. প্রবর্তক দ্বারা (অঞ্চল, প্রদেশ, পৌরসভা, ইত্যাদি) |
| 7. একটি শিক্ষানবিশ একটি কর্মসংস্থান চুক্তি যা প্রশিক্ষণের উপর জোর দিয়ে চিহ্নিত করা হয়। | ☐ a. সত্য<br>☐ b. মিথ্যা |
| 8. বেসামরিক সেবার জন্য আবেদন করার জন্য প্রয়োজনীয়তা কী কী?<br>**এক বা একাধিক উত্তর নির্বাচন করুন।** | ☐ a. শুধু ইতালীয় নাগরিকরা আবেদন করতে পারবেন<br>☐ b. আমার একটি বৈধ রেসিডেন্সি পারমিট দরকার।<br>☐ c. আমার অবশ্যই অপরাধমূলক রেকর্ড থাকা যাবে না।<br>☐ d. আমার বয়স 16 থেকে 22 বছরের মধ্যে হতে হবে।<br>☐ e. আমার বয়স 18 থেকে 28 বছরের মধ্যে হতে হবে। |
| 9. একটি attestato di HACCP (HACCP সার্টিফিকেট) কী? | ☐ a. যে কেউ সাংস্কৃতিক মধ্যস্থতাকারী হতে চায় তার জন্য একটি বাধ্যতামূলক সার্টিফিকেট<br>☐ b. যারা খাদ্য সেক্টরে কাজ করতে চান তাদের জন্য একটি বাধ্যতামূলক সার্টিফিকেট |
| 10. একটি OSS কী? | ☐ a. একজন স্বাস্থ্য এবং সামাজিক যত্ন প্রদানকারী যিনি স্বাধীনভাবে বসবাস করতে সক্ষম নয় এমন লোকদের জন্য যত্ন এবং সহায়তা প্রদান করেন<br>☐ b. রিসেপশন সিস্টেমের একজন অপারেটর |
| 11. ইতালিতে কাজের জগতে প্রবেশ করার জন্য, ভাল ইতালীয় কথা বলতে সক্ষম হওয়া একটি প্রয়োজন। | ☐ a. সত্য, এটি একটি প্রয়োজন।<br>☐ b. মিথ্যা, এটি একটি প্রয়োজনীয়তা নয়, তবে এটি খুবই গুরুত্বপূর্ণ |
| 12. Dichiarazione di Immediata Disponibilità al lavoro বা DID (কাজের জন্য অবিলম্বে উপলভ্যতার ঘোষণা) কিসের জন্য? | ☐ a. এটি বলার একটি উপায় যে আমি কাজ খুঁজছি এবং অবিলম্বে উপলভ্য<br>☐ b. Licenza Media (মিডল স্কুল সার্টিফিকেট) পাওয়ার জন্য এটি প্রয়োজন<br>☐ c. একটি আর্থিক কোড পেতে এটি প্রয়োজন |
| 13. একটি Piano Educativo Individualizzato বা PEI (ব্যক্তিগত শিক্ষা পরিকল্পনা) হল একটি ডকুমেন্ট যা আপনার নির্দিষ্ট প্রয়োজনের উপর ভিত্তি করে আপনি অনুসরণ করছেন এমন প্রশিক্ষণের পথের উদ্দেশ্য নির্ধারণ করতে ব্যবহৃত হয়। | ☐ a. সত্য<br>☐ b. মিথ্যা |

| | |
|---|---|
| 14. ট্রান্সভার্সাল দক্ষতা কি? | ☐ a. প্রাথমিক দক্ষতা যেমন পড়া এবং লেখা<br>☐ b. নির্দিষ্ট কিছু পেশার জন্য নির্দিষ্ট প্রযুক্তিগত দক্ষতা<br>☐ c. সামাজিক এবং মানসিক দক্ষতা এবং ক্ষমতা যা কাজের সমস্ত ক্ষেত্রে কার্যকর |
| 15. দক্ষতা মূল্যায়ন কেন গুরুত্বপূর্ণ? | ☐ a. এটি আমাকে মূল্যায়ন করতে দেয় যা আমি ইতোমধ্যেই জানি<br>☐ b. এটি আমাকে বুঝতে সাহায্য করে যে আমার কোন দক্ষতা অর্জন বা উন্নতি করতে হবে<br>☐ c. উভয় উত্তরই ঠিক |
| 16. আপনি যদি কর্মস্থল থেকে ধর্মঘটে অংশ নেন, তাহলে আপনার নিয়োগকর্তা আপনাকে বরখাস্ত করতে পারেন। | ☐ a. সত্য<br>☐ b. মিথ্যা |
| 17. আপনি কি একই সময়ে কাজ এবং অধ্যয়ন করতে পারেন? | ☐ a. না, একবার কাজ শুরু করলে আর পড়াশুনা করা যাবে না<br>☐ b. হ্যাঁ, প্রত্যেক কর্মী যারা অধ্যয়নরত তাদের ক্লাস এবং পরীক্ষার সাথে সামঞ্জস্যপূর্ণ শিফট করার অধিকার রয়েছে |
| 18. ইতালিতে, কর্মক্ষেত্রে যে কোনো ধরনের বৈষম্য অবৈধ, এবং বৈষম্যের শিকার ব্যক্তিরা তাদের মামলা আদালতে নিয়ে যেতে পারেন। | ☐ a. সত্য<br>☐ b. মিথ্যা |

## এবং এখন আমাদের আপনার জন্য একটি শেষ প্রশ্ন আছে!

১ থেকে ৫ পর্যন্ত নম্বর দেখানো স্কেলে পেশাদারিত্বের সাথে পরিচিতির ক্ষেত্রে আপনি এই সারগ্রন্থকে কতটা সহায়ক বলে মনে করেন?

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|

| সঠিক উত্তরসমূহ | |
|---|---|
| 1. | a. - c. - d. |
| 2. | a. |
| 3. | c. |
| 4. | a. |
| 5. | a. |
| 6. | b. |
| 7. | a. |
| 8. | b. - c. - e. |
| 9. | b. |
| 10. | a. |
| 11. | b. |
| 12. | a. |
| 13. | a. |
| 14. | c. |
| 15. | c. |
| 16. | b. |
| 17. | b. |
| 18. | a. |



# নোট

unicef
per ogni bambino

Finanziato dall'Unione Europea

UNICEF Europe and Central Asia
Regional Office - Italy Outpost
Via Palestro 68, 00185 Rome Italy
Telephone: +39.06.478091
www.unicef.org/eca/

©UNICEF, 2024